অভিভাবকের পুস্তিকা

2012–2013

জুরি এ. হেনরি, অধ্যক্ষ
ইভান মাদিন, সহ অধ্যক্ষ
ঘানরি মৌসা, সহ অধ্যক্ষ
কারোলা ক্রেগ, অভিভাবকের সহযোগী

160-20 Goethals Avenue
Jamaica, New York 11432
718.969.3155

বিষয়বস্তুর সূচি

I. অধ্যক্ষের চিঠি 3

II. আমাদের লক্ষ্য 4

III. আমাদের অতীত ইতিহাসের প্রতি একঝলক 4

IV. অভিভাবকদের অংশগ্রহণ 6

অভিভাবক হিসাবে বাবামায়ের দায়দায়িত্ব এবং অধিকার 6
স্কুলের নেতৃত্ব দল 7
অভিভাবক-শিক্ষক সংগঠন (PTA) 8
অভিভাবকদের দেওয়া বিভিন্ন কাজ 8
শহর জুড়ে জরুরি অবস্থা চললে বা জোড়ালো ঝড়ের দিনগুলি মোকাবিলার পদ্ধতি 11

V. হাসপাতালের অভিজ্ঞতা প্রোগ্রামের পাঠ্যসূচি 13

VI. COMMUNITY SERVICE REQUIREMENT 14

VII. স্কুল বিল্ডিং নিয়মকানুন 15

ঘন্টা বাজার সম্ভাব্য সময়সূচি 18
হাজিরা 19
দেরি করে হাজিরার নিয়ম 19
আটকে রাখার নিয়ম 19
ছাত্রদের পোশাক 20

VIII. পড়ানো বিষয়গুলি 22

X. ছাত্র ক্রিয়াকলাপ/তথ্য 28

ছাত্রের অংশগ্রহণ 28
রিপোর্ট কার্ড/গ্রেড দেওয়ার নিয়ম 29
পরিবহন 29
প্রাতরাশ এবং দুপুরের আহার 30
ওয়ার্কিং পেপার 30
যোগাযোগের তথ্য/অসুস্থতা 30
QUEENS GATEWAY স্কুল ডিরেক্টরি 31

XI. ছাত্র ব্যক্তিগত পরিষেবা 33

XII. সম্ভাষণ এবং অভিবাদন নির্বাচন 35

XIII. GATEWAY প্রোগ্রামগুলি 36

I. অধ্যক্ষের চিঠি

সেপ্টেম্বর 2012

প্রিয় Gateway পিতামাতা/অভিভাবক:

আমাদের Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুলের সংশোধিত অভিভাবকদের হাতবই আপনার কাছে পৌঁছে দিতে পেরে আমি আন্তরিক ভাবে খুশি। স্কুলের নিয়মকানুন এবং পদ্ধতির বিষয়ে আপনার কাছে তথ্য পৌঁছে দিতে এই হাতবই প্রস্তুত করা হয়েছে। স্কুলের সারা বছরে আরো তথ্য আসতে চলেছে এবং আমরা তাদের বিষয়েও আপনাকে অবগত রাখতে উদ্যোগ নেব।

আমি অবশ্যই আপনাকে এই হাতবই খুঁটিয়ে পড়ে দেখতে বলব কারণ এখান থেকে আপনি আমাদের স্কুলের নিয়মকানুনের বিষয়ে ভালো ভাবে অবগত হতে পারবেন। তাছাড়া, বাচ্ছার ভালো চিন্তা করেই আমরা চাইব যে আপনি প্রবেশের এবং বাহির করে দেওয়ার নিয়মকানুন মেনে চলে আমাদের সাথে সহযোগিতা করুন।

এই হাতবই যে আপনাকে অনেক গুরুত্বপূর্ণ তথ্য জানাতে পারবে আমি সেই আশাই রাখি। আমরা যদি হাতবইতে কোন বিষয়ের উল্লেখ রাখতে ভুলে গিয়ে থাকি তাহলে আপনি চাইলে সেই বিষয়গুলি আমাদের নজরে নিয়ে আসতে পারবেন। দয়া করে অভিভাবকদের সঙ্গে যোগাযোগ রাখার ব্যক্তিকে 718.969.3155 এক্সটেনশন. 3043 নম্বরে কল করুন। আমরা আপনার মতামত এবং পরামর্শ গুরুত্ব দিয়ে বিবেচনা করব এবং আমাদের স্কুলের উন্নতির কাজে লাগাব।

আমাদের স্কুলের সমস্ত বিভাগ এবং কর্মীদের তরফ থেকে আমি আপনাকে এবং আপনার পরিবারকে সারা বছর ধরে স্কুলের সাথে জড়িত থাকার ও সফলতার আগাম শুভেচ্ছা জানাই।

সবিনয়ে,

জুরি এ. হেনরি
অধ্যক্ষ

II. আমাদের লক্ষ্য

Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুলের লক্ষ্য হল সমস্ত ছাত্রকে দক্ষ করে তোলা, বই পড়ে পাওয়া শিক্ষার বাইরেও নিজের জ্ঞানের সীমা ছড়িয়ে দেওয়া, এবং জ্ঞানকে নিজের উন্নতি ও বিকাশের পথে কাজে লাগানো এবং পারস্পরিক ভালোবাসা এবং সহযোগিতার মাধ্যমে বেড়ে ওঠার শিক্ষা দেওয়া। Queens Gateway, স্কুল, বাড়ি এবং সম্প্রদায়ের সাথে হাতে হাত মিলিয়ে শিক্ষার পরিবেশের জন্ম দিতে চায় যা সমস্ত ছাত্রের মধ্যে উচ্চ প্রত্যাশা নিয়ে আসতে পারে এবং নিরাপদে তাদের ভবিষ্যতের দিকে পা রাখতে দেয়। ছাত্রদের বিশেষ ভাবে পরিচালিত করা, তাদের সঠিক রাস্তা দেখানো, বই পড়ে শেখার কাজকে সহজ করে তোলার মতো বিষয়গুলির প্রতি দায়বদ্ধ থাকার পাশাপাশি আমরা শিক্ষার বিভিন্ন দিকের সাথে প্রযুক্তির সংমিশ্রণ ঘটানোর বিষয়েও সমান ভাবে দায়বদ্ধ। কলেজে পড়তে যাওয়ার পূর্ব প্রস্তুতির পর্যায়ে আমাদের হেলথ সায়েন্স বিষয়ে দেওয়া শিক্ষা আমরা আগেই মতো দিতে থাকব আর আমাদের স্কুলের সম্প্রদায়ের প্রয়োজন এবং বৈচিত্রতার বিষয়টিতেও সমান ভাবে সচেতন এবং অবগত আছি। সব ছাত্রেরই সফল হওয়ার প্রতি আমাদের আশা, শিক্ষকদের তৈরি করা শিক্ষার পরিবেশের প্রতি আস্থা, শিক্ষার সাথে নতুনত্ব ও অভিনত্বের মিশ্রণ, অভিভাবক, ছাত্র এবং স্কুলের কর্মীদের মধ্যে গড়ে ওঠা আন্তরিক সম্পর্ক, এবং সব ছাত্রেরই বিশেষ দক্ষতার নজির রাখার মতো বিষয়গুলির উপরে ভর দিয়েই আমরা আমাদের লক্ষ্যে পৌঁছাবো।

III. আমাদের অতীত ইতিহাসের প্রতি একঝলক

Queens Hospital Center, নিউ ইয়র্কের York College of the City University, the Mount Sinai Medical Center, Community School District 28, District Council 37 এবং the Division of High Schools প্রতিষ্ঠানের মিলিত সহযোগিতায় Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুলের জন্ম হয়।

Mount Sinai Medical Center, York College এবং the Queens Hospital Center প্রতিষ্ঠানের মধ্যে থাকা সরাসরি যোগসূত্রের হাত ধরে ছাত্রেরা বিশেষ ভাবে প্রস্তুত পাঠক্রম, অনুপ্রেরণা পাওয়ার এবং গ্রীষ্মের সময়ে হাতেনাতে কাজ করার বিষয়গুলির সুবিধা নিতে পারবেন। 40টিরও বেশি প্রতিষ্ঠিত কলেজ, বিশ্ববিদ্যালয় এবং গবেষণা কেন্দ্রের যোগসূত্রে গড়ে তোলা Gateway নেটওয়ার্কের হাত ধরে ছাত্রের গ্রীষ্মের ছুটির সময়ে পেয়ে যাবেন হাতেকলমে শিক্ষার বিশেষ সুযোগ সুবিধা এবং তার পাশাপাশি কলেজ বেছে নেওয়ার ক্ষেত্রেও পাবেন অনেক সুবিধা। ছাত্রেরা শিক্ষার অংশ হিসাবে সম্প্রদায়ের এবং জনগণের কাছে পরিষেবা পৌঁছে দেওয়ার বিভিন্ন কাজে অংশগ্রহণ করবেন এবং নিজেরা স্বাস্থ্যজনিত যে সমস্ত সমস্যায় ভোগেন তার সাথে তুলনায় আসতে পারবেন। হাসপাতালের কাজে, নিজেকে উন্নত করে তোলার কাজে, বই পড়ে শেখার বিষয়ে, সম্প্রদায়ের কাজে এবং সবশেষে ক্লাবে যোগ দেওয়ার মতো বিভিন্ন বিষয়ে ছাত্রদের অংশগ্রহণ করতে হবে বলে সারা দিনটাই তাদের স্কুলে কেটে যেতে পারে।

হাতেকলমে শিক্ষার বিষয়ে জোড় দিতে Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুল বিভিন্ন ধরনের বিশেষ শিক্ষার ব্যবস্থাকে আপন করে নেয়। ছাত্রদের মধ্যে দক্ষতা, বিশেষ পারদর্শীতা এবং প্রতিযোগিতায় এগিয়ে থাকার মতো বিষয়গুলিতে আলোকপাত করতে পারস্পরিক সম্পর্ক যুক্ত এক শিক্ষার ব্যবস্থা গড়ে তোলায় তা ছাত্রদের কাছে আরো বেশি করে জনপ্রিয় হয় এবং তারা এই সবকিছুর মধ্যে আনন্দ এবং নিজেদের জায়গা খুঁজে নিতে পারে। সমস্ত Gateway ছাত্র Regent পর্যায়ের পাঠক্রমের সুবিধা পান। **সমস্ত ছাত্রকে স্নাতক পর্যায়ে পড়াশুনা শুরু করার আগে উচ্চ মাধ্যমিকে চার বছর ধরে গণিত, বিজ্ঞান, ইংরাজি এবং বিদেশী ভাষা শিক্ষার পাঠ নিতে হয়।**

শিক্ষার বিষয়ে ছাত্রদের যেভাবে সব দিক থেকে সাহায্য করা হয় তা তাদের বিশেষ শিক্ষার ক্ষেত্রেও সুবিধা পাইয়ে দেয়। স্কুলের তরফ থেকে বাড়িয়ে দেওয়া সহযোগিতার হাত ধরে এমন এক সহজ ও সরল পরিবেশ গড়ে উঠবে যেখানে ছাত্রেরা আত্মবিশ্বাস এবং আত্মঅনুপ্রেরণার জন্ম দিতে পারবেন যা তাদের নিজেদেরকেই সিদ্ধান্ত গ্রহণে এবং কাজের দায়িত্ব নিতে ভরসা যোগাবে।

নিয়মিত শিক্ষায় বিশেষ প্রয়োজন থাকা ছাত্রেরা যোগ দিলে তাদের সুবিধার কথা মাথায় রেখে Gateway বিশেষ শিক্ষার ব্যবস্থা করে। শিক্ষকেরা শ্রেণীকক্ষের বাইরেও তাদের শিক্ষার কাজ চালিয়ে যান এবং সাধারণ শিক্ষা দেওয়ার শিক্ষকদের জন্য রাখা হয় বিশেষ শিক্ষার ব্যবস্থা।

Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুল বিজ্ঞান এবং গণিত বিষয়ে যে পাঠক্রম ছাত্রদের পড়িয়ে থাকে তা তাদের আগামী দিনে কলেজে এই বিষয়গুলিকে পড়ার ও বোঝার দিক থেকে সুবিধা পেতে দেয়। এই বিশাল পাঠক্রম শেষে ছাত্রেরা রাজ্য এবং শহরের পাঠক্রমের সমকক্ষে আসতে পারবে এবং উচ্চ মাধ্যমিকের পাশ করে যখন কলেজে পড়া শুরু করবে তখন বিশেষ সুবিধা পাবে এবং বিষয়গুলিকে বোঝার দিক থেকে অন্যদের থেকে এগিয়ে থাকতে পারবে। York College, Queens College এবং the Queens Hospital Center প্রতিষ্ঠানের তরফ থেকে দেওয়া কলেজে পড়ার পূর্বপ্রস্তুতির পাঠক্রম, গবেষণা করার অভিজ্ঞতা এবং অনুপ্রেরণা লাভের সুযোগের মতো বিষয়গুলির হাত ধরে প্রত্যেক ছাত্রের কলেজে পড়া এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত হওয়া এক বিশেষ মাত্রায় পৌঁছাবে। হাতেকলমে কাজ করার অভিজ্ঞতা ছাত্রদের স্বাস্থ্য পরিষেবার বিভিন্ন দিকের বিষয়ে অবগত করাবে। **Queens Gateway to Health Sciences** মাধ্যমিক স্কুল হল একটি **Advance Regents Diploma** স্কুল।

Hospital Experience Program হেলথ এবং মেডিসিন পেশার বিভিন্ন দিকের বিষয়ে অবগত করায়। হেলথ সায়েন্সের কোন শাখা নিয়ে ছাত্রেরা ভবিষ্যত পেশা বেছে নিলে নিজেদের জন্য বিশেষ জায়গা করে নিতে পারবেন সেই বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার মতো স্বনির্ভরতা এবং বই পড়ে শেখার দক্ষতা এই প্রোগ্রামের মাধ্যমে লাভ করতে পারবেন।

আমাদের Queens Gateway ওয়েবসাইটও এখন থেকে আপনার কাছে উন্মুক্ত রয়েছে:
www.QueensGateway.com

এই হাতবই, বর্তমান Gateway তথ্য সব কিছুই এই ওয়েবসাইটে আপনি পেয়ে যেতে পারবেন।

IV. অভিভাবকদের অংশগ্রহণ

The New York City Department of Education (NYCDOE) বাচ্ছাদের প্রথম এবং প্রাথমিক শিক্ষক হলেন অভিভাবকদেরকেই উল্লেখ করেছে। Queens Gateway একই ধরনের বিশ্বাস রাখে যে বাচ্ছার বাড়িতে এবং স্কুলে শিক্ষার প্রকৃত সংমিশ্রণেই শিক্ষার মাপকাঠিতে বাচ্ছা এক চূড়ান্ত পর্যায়ে পৌঁছাতে পারে। বাচ্ছার আইনত অভিভাবক হিসাবে বাবামায়ই সন্তানের সবথেকে কাছের মানুষ এবং বাচ্ছাকে উজ্জ্বল ভবিষ্যত দেখানোর প্রাথমিক দায়িত্ব তাদেরই।

অভিভাবক হিসাবে বাবামায়ের দায়দায়িত্ব এবং অধিকার

সমস্ত বাবামায়েরই নিম্নলিখিত অধিকারগুলি রয়েছে:

- বাচ্ছাকে সরকারি স্কুলে নিখরচায় শিক্ষা নিতে পাঠানো
  - বাবামায়েরা তাদের সন্তানদের নিখরচায় কোন সরকারি স্কুলে শিক্ষা নিতে পাঠানোর অধিকার রাখেন যেখানে তাদের সন্তানদের নিরাপদে এবং সহযোগিতার আবহে গড়ে তোলা হয়।
- তাদের বাচ্ছারা স্কুলে কেমন পড়াশুনা করছেন সেই বিষয়ে জানার অধিকার
  - শিক্ষা দপ্তর এবং তাদের স্কুল বাবামায়েদের তাদের সন্তানেরা স্কুলে কেমন পড়াশুনা করছেন এবং শিক্ষা বিষয়ক বিভিন্ন প্রোগ্রামে তারা কেমন ফল করছেন সেই সব তথ্য হাতে তুলে দিতে দায়বদ্ধ।
- বাচ্ছাদের পড়াশুনায় সহযোগিতা করতে তাদের শিক্ষার বিভিন্ন বিষয়ে অংশগ্রহণ করা এবং অবগত থাকার অধিকার
  - বাচ্ছার শিক্ষায় যাতে তাদের বাবামায়েরা বিশেষ ভাবে অংশগ্রহণ করতে পারেন এবং অবদান রাখতে পারেন তার জন্য তাদের যথাযথ সহযোগিতা পাওয়ার অধিকার রয়েছে।
- সন্তানের শিক্ষায় নেতিবাচক হস্তক্ষেপ করছে এমন কোন বিষয়ে অভিযোগ জানানোর এবং আবেদন করার অধিকার
  - সন্তানের শিক্ষায় নেতিবাচক হস্তক্ষেপ করছে এমন বিভিন্ন বিষয় নজরে আনতে এবং উপযুক্ত ব্যবস্থা নিতে অভিযোগ বা আবেদন জানানোর পদ্ধতি গড়ে তুলে স্কুলের আচার্য নিয়মকানুনের ব্যবস্থা রেখেছেন। আচার্যের তরফ থেকে নিয়ে আসা এই সমস্ত নিয়মকানুনের পদ্ধতিগুলি আপনি এখানে দেখে নিতে পারেন:

http://schools.nyc.gov/RulesPolicies/ChancellorsRegulations/default.htm

এই সব বিষয়ে প্রত্যেক বাবামাকেই দায়িত্ব পরায়ণ হতে হবে:

(1) শিক্ষার পরিবেশে রেখে বাচ্ছাকে স্কুলে পাঠানো।

(2) বাচ্ছা নিয়মিত স্কুলে যাচ্ছেন এবং সময়ে পৌঁচ্ছাছেন তার উপরে নজর রাখা

(3) স্কুলের তরফ থেকে জানানো বিষয়ে পড়ে, স্কুলে সব কিছু কেমন চলছে তা বাচ্ছার মুখ থেকে শুনে, বাচ্ছার পড়াশুনার প্রতি এবং কতটা ভালো ফল করছে তার উপরে নজর রেখে এবং স্কুলের কর্মীদের সাথে দেখা করে খবরাখরব নিয়ে বাচ্ছার পড়াশুনা, উন্নতি, এবং সমস্যাগুলির বিষয়ে অবগত থাকা।

(4) বাচ্ছার পড়াশুনায় কেমন উন্নতি করছে তা তার শিক্ষকদের এবং অধ্যক্ষের মুখ থেকে শুনতে তাদের সাথে সরাসরি বা চিঠির মাধ্যমে যোগাযোগ রাখা।

(5) বাচ্ছার শিক্ষার বিশেষ দিক হিসাবে স্কুলের নিয়মকানুন এবং আচার্যের নিয়মকানুন পালন করে চলা।

(6) বাচ্ছার স্কুল থেকে যোগাযোগ করা হলে সময়ে তার জবাব পাঠানো।

(7) বাচ্ছার শিক্ষার বিশেষ দিক হিসাবে স্কুলের তরফ থেকে মিটিং এবং কনফারেন্সে অংশগ্রহণ করার অনুরোধ রেখে তাতে অংশগ্রহণ করতে আসা।

(8) মার্জিত ভাবে স্কুলে আসা, ব্যবহারের মধ্যে মার্জিত ভাবে ধরে রাখা এবং সার্বিক ভাবে স্কুলের সমস্ত মানুষের সাথে সম্মান জানিয়ে এবং হাসি মুখে কথাবার্তা বলা।

(9) আপনার সাথে যোগাযোগ করার সঠিক এবং সংশোধিত তথ্য স্কুলকে দেওয়া (যেমন, বাড়ির ঠিকানা, টেলিফোন নম্বর)।

বাবামায়ের এই বিষয়গুলির প্রতিও নজর দেওয়া উচিত:

(1) বাড়িতে এমন এক পরিবেশ গড়ে তোলা যেখানে শিক্ষার এক প্রাথমিক এবং প্রধান জায়গা থাকে।

(2) সমাজে বিশেষ জায়গা করে নিতে জ্ঞান, দক্ষতা এবং পারদর্শীতা অর্জন করে নেওয়ার উপরে গুরুত্ব আরোপ করা।

(3) স্কুলের বিভিন্ন বিষয়ে সময় দেওয়া, সহযোগিতা করা এবং নিজের দক্ষতাকে কাজে লাগানো।

(4) শিক্ষাগত বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার মতো গুরুত্বপূর্ণ বিষয়ে অবদান রাখতে স্কুলের এবং সম্প্রদায়ের বিভিন্ন প্রোগ্রামে অংশগ্রহণ করা।

(5) স্কুলের অভিভাবকদের সংগঠন বা অভিভাবক-শিক্ষকদের যৌথ সংগঠনের একজন সক্রিয় সদস্য হয়ে ওঠা।

(6) প্রযোজ্য হলে প্রথম শ্রেণীর (Title I) অভিভাবক সমিতির সক্রিয় সদস্য হয়ে ওঠা।

(7) স্কুলে করতে দেওয়া পড়াশুনা, স্কুলে হাজিরা, এবং আচরণের বিষয়ে বাচ্ছার মুখ থেকে শোনা এবং স্কুলের তরফ থেকে কেমন প্রত্যাশা রয়েছে তা নিয়ে আলোচনা করা।

(8) অন্যান্যের জিনিসে হানি না পৌঁছানো, তাদের নিরাপত্তা এবং অধিকারে কোন রকমের হস্তক্ষেপ না করা এবং কাউকে ভয় না দেখানো, হয়রানি না করা বা আলাদা চোখ না দেখার মতো বিষয়গুলির প্রতি বাচ্ছাকে ভালো ভাবে অবগত করানো।

বাবামায়ের অধিকার এবং দায়দায়িত্বের সামগ্রিক বিষয়ে অবগত হতে, দেখুন http://schools.nyc.gov/RulesPolicies/ParentBillofRights/Parents+Bill+of+Rights+and+Responsiblities.htm.

স্কুলের নেতৃত্ব দল

স্কুলের বিভিন্ন বিষয়ে বাবামায়ের অংশগ্রহণের উপরে গুরুত্ব আরোপ করতে, আমরা বাবামা, ছাত্র এবং স্কুলের কর্মীদের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরো মজবুত করে তুলেছি। স্কুলের বিভিন্ন প্রোগ্রাম এবং ছাত্রদের হাতে

নেওয়া কাজের বিভিন্ন বিষয়ে সহযোগিতা করতে মিটিং রাখতে এবং আলোচনা করতে School Leadership Team (SLT) প্রতি মাসে একবার মিলিত হন। বাবামা বা অভিভাবক এবং কর্মীদের নিয়ে SLT গঠন করা হয়। এর সংগঠনের প্রধান সদস্যরা হলেন - অধ্যক্ষ, PTA সভাপতি বা ভারপ্রাপ্ত সহ-সভাপতি এবং UFT চ্যাপ্টার লিডার। Comprehensive Education Plan (CEP) গড়ে তুলতে বিভিন্ন প্রয়োজনীয় দিকের মূল্যায়নে SLT হাত লাগায়।

অভিভাবক-শিক্ষক সংগঠন (PTA)

Parent-Teacher Association হল এক প্রাথমিক সংগঠন যা অভিভাবক, শিক্ষক এবং কর্মীদের নিয়ে গড়ে তোলা হয়েছে এবং স্কুলের বিভিন্ন বিষয়ে অভিভাবকদের সহযোগিতার রাস্তা প্রস্তুত করে দিতেই এই সংগঠনটি গড়ে তোলা হয়েছে। Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুলে অভিভাবকদের অংশগ্রহণের উপরে বিশেষ গুরুত্ব আরোপ করা হয়ে থাকে। অভিভাবকদের সহযোগিতার রাস্তা প্রস্তুত করে দিতে গঠন করা PTA সংগঠনের গুরুত্বপূর্ণ দিকগুলি হল:

- অভিভাবক, কর্মী এবং ছাত্রদের মধ্যে এক পারস্পরিক সহযোগিতা এবং বোঝাপড়ার পরিবেশ গড়ে তোলা।
- স্কুলের সাথে একাত্ম থাকে অভিভাবকদের সাহায্য।
- অভিভাবকের সহযোগিতা বা অংশগ্রহণ জরুরি এমন দিকগুলির উন্নয়ন।
- পরিবারের সাথে পারস্পরিক সম্পর্ক মজবুত করা এবং যোগাযোগ বাড়ানো।

অভিভাবকেরা আগামী দিনে তাদের পরিবারকে যে জায়গায় দেখতে চান তা বাস্তবায়িত করতে এবং স্কুলের মাধ্যমে তাদের বাচ্ছাদের গড়ে তুলতে নিজেদের অবদান রাখতে সাহায্য করতে PTA ওয়ার্কশপের মাধ্যমে অভিভাবকদের বিশেষ সহযোগিতা দিয়ে থাকে। অভিভাবকদের এক ছাতার তলায় নিয়ে এসে বিভিন্ন বিষয়ে সুপরামর্শ করা হয় এবং অভিভাবক এবং ছাত্রের মধ্যে পারস্পরিক যোগাযোগ সমৃদ্ধ করা হয়।

প্রতি মাসের তৃতীয় মঙ্গলবার সন্ধ্যা 7টার সময়ে PTA মিটিং ডাকা হয়।

অভিভাবকদের দেওয়া বিভিন্ন কাজ

PTA *সংগঠনের সাথে যৌথ ভাবে বিভিন্ন* Gateway *ওয়ার্কশপ করা হয়ে থাকে। এই সমস্ত বিষয়গুলিতে আলোকপাত করা হয় তবে আলোচনা এর মধ্যেই সীমাবদ্ধ নাও থাকতে পারে. সফলতা অর্জন করা, বাচ্ছার সাথে যোগাযোগ গড়ে তোলা, কলেজের পড়ানোর প্রস্তুতি নেওয়া, আগুনের হাত থেকে বাঁচা, এবং আইনি বিষয়ে অবগত থাকা ইত্যাদি।*

অভিভাবক এবং শিক্ষকদের নিয়ে হওয়া কনফারেন্স: সমস্ত DOE সরকারি স্কুলে প্রতি বছরে দুইবার অভিভাবক এবং শিক্ষকদের নিয়ে কনফারেন্স রাখা হয়। উচ্চ বিদ্যালয়ে, অক্টোবর এবং এপ্রিল মাসে কনফারেন্স রাখা হয়। অন্তবর্তী স্কুলের ছাত্রদের উচ্চ মাধ্যমিক স্কুলের অভিভাবক ও শিক্ষকদের কনফারেন্সের সময়সূচিই মেনে চলতে হবে। উভয় কনফারেন্সেই অভিভাবকেরা অংশগ্রহণ করবেন এমন প্রত্যাশাই রাখা হয়।

Peggy Gisler, Ed.S. **এবং** Marge Eberts, Ed.S.

এর কথায় **"**স্কুলের নতুন বছর আপনার সন্তানের কেমন লাগছে**,** আপনার সন্তান কীভাবে মানানসই হয়ে উঠছেন তা জানার এবং তার শিক্ষকদের সাথে পরিচিতি হওয়ার এক দারুণ মাধ্যম হল অভিভাবক-শিক্ষক কনফারেন্স।**"**

কনফারেন্স সফল করে তোলার কিছু দিকের উল্লেখ এখানে করা হল:

- আপনার বাচ্ছাকে জিজ্ঞাসা করুন যে শিক্ষকের সাথে আলোচনা করার মতো কোন বিষয়ে তার কাছে রয়েছে কিনা।
- কনফারেন্সে আপনি উত্থাপন করতে চান এমন সমস্ত বিষয়গুলিকে সাজিয়ে নিন।
- সময়ে বা সময়ের অল্প আগেই উপস্থিত হোন।
- শিক্ষক বা শ্রেণীকক্ষের বিষয়ে ইতিবাচক কথাবার্তা দিয়ে শুরু করুন।
- কনফারেন্সের আলোচনার বিষয় নয় এমন কোন বিষয়ে সময় নিয়ে আলোচনা করতে যাবেন না।
- শিক্ষকের দেওয়া পরামর্শ খোলা মনে বিবেচনা করবেন।
- নিজের আবেগ এবং অনুভূতি নিজের নিয়ন্ত্রণে রাখুন।
- আলোচনা করা বিষয়গুলি লিখে রাখুন যাতে তা আপনি আপনার বাচ্ছাকে জানাতে পারেন।
- কনফারেন্স রাখার জন্য ধন্যবাদ জ্ঞাপন করুন।
- আপনার জন্য যতটা সময় রাখা হয়েছে তার মধ্যেই সব শেষ করুন। (আপনার যদি এমন কোন বিষয় নিয়ে আলোচনা করার থাকে যার জন্য 3 মিনিট সময় যথেষ্ট নয়, তাহলে দয়া করে শিক্ষকের সাথে এক ব্যক্তিগত কনফারেন্সের আয়োজন করুন।)

অবশ্যই জিজ্ঞাসা করবেন এমন প্রশ্নগুলি

"স্কুলে সারা বছর আপনার সন্তানকে সফলতার পথে চলতে সাহায্য করতে, এখন থেকে জুন পর্যন্ত আপনার সন্তানের কাছ থেকে ঠিক কেমন সব প্রত্যাশা রাখা হচ্ছে সেই বিষয়ে আপনার অবগত থাকা প্রয়োজন। নিম্নলিখিত প্রশ্ন আপনার পরবর্তী অভিভাবক-শিক্ষক কনফারেন্সে সহযোগিতা করতে পারে এবং তাদের মনে করে রাখতে ভুলবেন না।" সিন্ডি বন্ড

(এই সব প্রশ্নের অধিকাংশেরই উত্তর আপনি যে ছাত্র চুক্তি পাবেন তাতেই দেওয়া হবে। এতে অবশ্যই সই করতে হবে)।

আমার সন্তানের কীভাবে মূল্যায়ন করা হবে?
ছাত্রদের মূল্যায়নের জন্য আপনারা কী ধরনের পদ্ধতি ব্যবহার করে থাকেন?
শ্রেণীকক্ষে কীভাবে গ্রেড নির্ধারণ করা হয়ে থাকে?

বই পড়ে পাওয়া শিক্ষার মাপকাঠিতে যে ছাত্রেরা পরবর্তী গ্রেডে ওঠার উপযুক্ত তা আপনারা কীভাবে বুঝবেন?

বই পড়ে পাওয়া শিক্ষার দিক থেকে বাচ্ছাকে আরো বেশি করে সফলতা এনে দিতে আমি কীভাবে আরো বেশি করে অবদান রাখতে পারি?

শ্রেণীকক্ষে ঘটে চলা সব কিছুতে সন্তানকে অনুপ্রেরণা যোগাতে বাড়িতে আমার কেমন ভূমিকা রাখা উচিত**?**
বাড়িতে পড়ে আসার জন্য যা দেওয়া তা আমি দৈনিক ভিত্তিতে কীভাবে জানতে পারব**?**
বই পড়ে শেখার দিক থেকে যে কঠিন স্তরের পড়াশুনার বাস্তবায়ন শিক্ষকদের তরফ থেকে করা হচ্ছে তাতে আমি কীভাবে অবদান রাখতে পারি**?**

কোন কিছু শেখার মধ্যে ছাত্রদের মধ্যে থাকা পার্থক্যকে কীভাবে মেটানো হয়?

বই পড়ে শেখার মতো বুদ্ধি যদি আমার বাচ্ছার না থাকে এবং অন্যদের থেকে পিছিয়ে যায় বা অত্যন্ত দ্রুততার সাথে পড়া শেষ করে ফেলে এবং নতুন কিছু না পেয়ে বিরক্ত হয়ে ওঠে তাহলে কী ব্যবস্থা রাখা হয়?
অতিরিক্ত সাহায্যের প্রয়োজন হয় এমন ছাত্রদের জন্য কী উপযুক্ত শিক্ষা প্রশিক্ষণ বা অন্যান্য ব্যবস্থা রাখা হয়?

আপনার সন্তান এবং শিক্ষকদের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার বিভিন্ন দিক:

- বাচ্ছাকে বাড়িতে যা পড়ে আসতে বলা হয়েছে তাতে সাহায্য করতে তা প্রতিরাতেই তার পড়ার সময়ে তার পাশে থাকুন। বাচ্ছার প্রয়োজনের সময়ে তার খেয়াল রাখুন।
- আপনার বাচ্ছার দৈনিক পেপার খুঁটিয়ে পড়ুন এবং কোন ভুল করলে তা সংশোধন করতে সাহায্য করুন।
- যে সমস্ত নির্দেশ দেওয়া হয়েছে তাদের ভালো ভাবে বুঝতে পারা, পাঠবইতে যে সমস্ত দৃষ্টান্ত দেওয়া হয়েছে তাদের পড়া, এবং করতে দেওয়া পড়াশুনা লিখে নেওয়ার মতো বিষয়গুলি মেনে চলতে আপনার সন্তানের আগ্রহ বাড়ান।
- স্কুলে আপনার বাচ্ছা কেমন পড়াশুনা করছে তার তথ্য সংগ্রহ করুন যাতে আপনি তার পড়াশুনার প্রতি আরো বেশি করে নজর রাখতে পারেন।
- 1990 সালের Americans with Disabilities Act, ধারা 504, এবং IDEA অনুসারে আপনার বাচ্ছা স্কুলের তরফ থেকে যে বিশেষ সাহায্য পেতে পারবে সেই আইনি অধিকারের বিষয়ে জানুন।

জিজ্ঞাসা করা যেতে পারে এমন আরো কিছু প্রশ্ন:

- আপনার বাচ্ছা ঠিক কোন পর্যায়ে দক্ষ?
- এই বছরে স্কুলে আমার বাচ্ছা পড়াশুনার দিক থেকে যে সব সমস্যায় ভুগছে তার পিছনে ঠিক কি সব কারণ কাজ করছে বলে আপনি মনে করেন?
- বই পড়ে শেখার দিক থেকে আমার বাচ্ছাকে তৈরি করে তুলতে স্কুলের তরফ থেকে কী ধরনের বিশেষ সাহায্য রাখা হয়?
- শেখার বিষয়ে আমার বাচ্ছার অসুবিধা হচ্ছে তা পরীক্ষা করাটা কী ঠিক হবে?

কলেজ বিষয়ক তথ্য নিয়ে আলোচনা সভা: কলেজে পড়ার দরখাস্ত করা, আর্থিক ভাবে সাহায্য লাভ এবং পরীক্ষার পদ্ধতির বিষয়ে অভিভাবকেরা যাতে তাদের বাচ্চাদের সাহায্য করতে পারেন সেই জন্যই এই মিটিং ডাকা হয়ে থাকে। Free Application for Federal Student Aid (FAFSA) ফর্ম সবাইকে দেওয়া হয় এবং খুঁটিয়ে আলোচনা করা হয়।

পাঠসূচি জানানোর সভা: পাঠসূচির জানানোর সভায় রাখা হয় ওয়ার্কশপের ব্যবস্থা যেখানে গ্রেড অনুসারে প্রতিটি বিষয়ে বাচ্চার কী কী বিষয় পড়বেন তার বিস্তারিত অভিভাবকদের জানানো হয়। কোন বিশেষ বিষয়ে বাচ্চাদের কী কী পড়ানো হবে তা একটি দৃষ্টান্তস্বরূপ রাখা পাঠ সমেত শিক্ষক এবং কর্মীরা অভিভাবকদের অবগত করাবেন।

কম্পিউটার প্রশিক্ষণ: *অভিভাবকেরা যাতে তাদের কম্পিউটার সফ্টওয়্যারের জ্ঞানকে বাড়াতে পারেন এবং বাচ্চাদের স্কুলের পড়াশুনায় সাহায্য করতে পারেন তার জন্য অভিভাবকদের কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া হয়।* Microsoft Word, Microsoft Excel *এবং* Microsoft PowerPoint *বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।*

স্বাস্থ্য বিষয়ক পেশা দিবস: *আমাদের বার্ষিক স্বাস্থ্য বিষয়ক পেশা দিবস স্বাস্থ্য বিজ্ঞান পেশার বিভিন্ন দিকের বিষয়ে ছাত্রদের অবগত করায়। বিভিন্ন প্রতিষ্ঠান থেকে পেশাদারদের তাদের অভিজ্ঞতার বিষয়ে আমাদের ছাত্রদের জানানোর জন্য আমন্ত্রণ জানানো হয়। উপস্থাপনায় ব্যক্তিগত অভিজ্ঞতা, পেশা বেছে নেওয়া এবং শিক্ষা, এবং কোন নির্দিষ্ট পেশার বিষয়ে আলোচনা সবকিছুরই জায়গা থাকে। বসন্তের অভিভাবক ও শিক্ষকদের নিয়ে হওয়া কনফারেন্সে এসে আমাদের ছাত্রদের এবং কর্মীদের আপনার পেশাগত অভিজ্ঞতা জানানোর জন্য শুক্রবারের সকালটা খালি রাখার জন্য আমরা আপনাকে বারবার করে বলছি।*

<u>শহর জুড়ে জরুরি অবস্থা চললে বা জোড়ালো ঝড়ের দিনগুলি মোকাবিলার পদ্ধতি</u>

শহর জুড়ে জরুরি অবস্থা চললে বা ঝোড়ো আবহাওয়া (বৃষ্টি বা শিলাবৃষ্টি) থাকলে, আচার্য শহরের সমস্ত সরকারি স্কুল বন্ধ রাখার বা দেরি করে খোলার বিজ্ঞপ্তি জারি করবেন। শহরের অন্যান্য আধিকারিকদের সাথে আলোচনা করেই এই বিজ্ঞপ্তি জারি করা হয়। অনুমোদন নিয়ে দেরি করে খোলার ক্ষেত্রে সাধারণত দুই ঘন্টা দেরি করে খোলা হয়।

সকাল 6:00 *টার সময়ে, সিদ্ধান্ত* 311 Information Line, *শিক্ষা দপ্তরের ওয়েবসাইটের প্রথম পাতাতেই (যার লিঙ্ক হল* http://schools.nyc.gov/) *এবং শহরের নিম্নলিখিত রেডিও স্টেশনে ঘোষণা করা হয়:* WINS (1010 AM), WCBS (880 AM), WABC (770 AM), WLIB (1190 AM), WADO (1280 AM), WBLS (107.5 FM), WNYE (91.5 FM), *এবং তার পাশাপাশি নিম্নলিখিত দূরদর্শন স্টেশনে:* WCBS (*চ্যানেল* 2), WNBC (*চ্যানেল* 4), WNYW (Fox *চ্যানেল* 5), WABC (*চ্যানেল* 7), WNYE (*চ্যানেল* 25),

Univision *চ্যানেল* 41, *এবং* "NY 1" (*কেবল টেলিভিশনের চ্যানেল* 1) / *বিদ্যুতহীন অবস্থায় প্রধান রেডিও সংবাদ স্টেশন, যেমন WINS (1010 AM) এবং WCBS (880 AM), ছোট রেডিওতে শোনা যেতে পারে।*

স্কুলের টেলিফোন নম্বর হল: 718.969.3155
স্কুলের নিয়মিত সময় হল: সকাল 8:00 *টা – দুপুর* 2:20 *টা*
সারা দিনের সময়সূচি হল: সকাল 8:00 *টা – দুপুর* 2:58 *টা সোমবার - বৃহস্পতিবার*
অনুমোদন নিয়েই স্কুল দেরি করে শুরু করা হলে স্কুল কত সময় ধরে চালানো হবে তা আচার্যই ঠিক করবেন।

Queens Gateway *এর তরফ থেকে অভিভাবকদের সাথে যোগাযোগ সাধন করার ব্যক্তি হলেন: কারোলা ক্রেগ*,
718.969.3155 *এক্সটেনশন*. **3043**

অনুমোদন সাপেক্ষে শহর জুড়ে স্কুল বন্ধ থাকলে বা দেরি করে স্কুল শুরু হলে, নিম্নলিখিত বিষয়গুলি বাতিল করা হয়েছে বলা ধরে নিতে হবে যদি না আচার্যের তরফ থেকে আলাদা করে কোন কিছু না জানানো হয়: মাঠে গিয়ে আমোদের সমস্ত কিছু, স্কুলের নিয়মিত সময়ের বাইরে হওয়া সমস্ত প্রোগ্রাম (সরকারি স্কুলে সম্পদ্রায় ভিত্তিক সংগঠনের তরফ থেকে করা স্কুলের সময়ের বাইরে সমস্ত প্রোগ্রামও), এবং স্কুলের সময়ের বাইরে হওয়া প্রোগ্রামের ক্ষেত্রে থাকা পরিবহন ব্যবস্থা (সম্প্রদায় ভিত্তিক সংগঠনের জায়গায় স্কুলের সময়ের পরে করা প্রোগ্রামগুলির ক্ষেত্রে থাকা পরিবহন ব্যবস্থাও)।

অনুমোদন নিয়েই শহর জুড়ে স্কুল দেরি করে শুরু করা হলে, স্কুলের বাস চালু থাকবে তবে তা দুই ঘন্টা দেরি করে আসবে।

দেরি করে স্কুল খোলা হলে যে ছাত্রদের যে নিয়মিত দিনে যে সময়ে ছুটি হয় ততক্ষণ অবধি থাকতে হবে সেটাই স্বাভাবিক। যদিও, শহর জুড়ে জরুরি অবস্থা আরো খারাপের দিকে যায়, তাহলে কী ব্যবস্থা নেওয়া হবে তা আচার্য স্কুলকে জানিয়ে দেবেন। আচার্যের দপ্তর থেকে বাস পরিবহন দেওয়া কোম্পানিকে বাতিল করে দেওয়া সময়সূচির বিষয়ে অবগত করাবে। সময়ের আগেই ছুটি দিয়ে দিলে আপনাদের কেউই যে তখন বাড়িতে থাকবেন না তা আপনার বাচ্ছাকে আপনার শিক্ষককে জানিয়ে দেওয়ার জন্য বলুন। প্রয়োজনে আপনাকে কোন বিকল্প ব্যবস্থা রাখার পরামর্শ দেওয়া হচ্ছে। এই পরিবর্তনের বিষয়ে আপনার সন্তান যেন অবগত থাকেন। দয়া করে মনে রাখুন যে, আপনার বাচ্ছাকে নিয়ে আসার দায়িত্ব আপনি অন্য কাউকে দিলে সেই ব্যক্তির নাম যেন "BLUE EMERGENCY CONTACT CARD" *এ লেখানো থাকে কারণ এই কার্ডে সেই ব্যক্তির নাম না থাকলে স্কুল বাচ্ছাকে তার হাতে তুলে দেওয়ার অধিকার রাখে না। আপনি কার্ডে এমন ব্যক্তি বা ব্যক্তিদেরও উল্লেখ রাখতে পারেন যাদের হাতে আপনার বাচ্ছাকে তুলে দেওয়া হোক বলে আপনি চান না, তার পাশাপাশি আপনার উল্লেখ করা কোন ব্যক্তিই আপনার বাচ্ছাকে নিতে না পৌঁছালে স্কুল কী ব্যবস্থা নিক বলে আপনি চান তাও উল্লেখ রাখতে পারেন। স্কুল আপনার কথা মতো যতদূর সম্ভব কাজ করার চেষ্টা করবে। কার্ডে দেওয়া তথ্য যে নির্ভুল তা আপনার দেখে নেওয়া জরুরি। আপনার বাচ্ছা স্কুল বাসে করে বাড়ি পৌঁছানোর ক্ষেত্রে, নিতে আসার জন্য বাস এসে না*

পৌঁছানো পর্যন্ত বা আপনার বাচ্ছাকে এসে না নিয়ে যাওয়া পর্যন্ত বাসে করে যারা যাবে তাদের সাথে স্কুলের কর্মীরা স্কুলেই থাকবেন।

তাছাড়া, 311 Information Line *এ যোগাযোগ করুন,* DOE *ওয়েবসাইট প্রধান পাতা* http://schools.nyc.gov/ *দেখুন, এবং তথ্য জানানো হয়েছে এমন রেডিও বা দূরদর্শন স্টেশন শুনুন।*

V. হাসপাতালের অভিজ্ঞতা প্রোগ্রামের পাঠ্যসূচি
Queens Gateway at Queens Hospital Center

Queens Gateway to Health Sciences *মাধ্যমিক স্কুলের তরফ থেকে রাখা* Hospital Experience *প্রোগ্রামের লক্ষ্য হল* Queens Hospital *সেন্টারের সাথে সহযোগিতায় সাইট-ভিত্তিক অংশীদারিত্বের মাধ্যমে স্বাস্থ্য পেশায় আগ্রহ বাড়িয়ে তোলা। স্কুল এবং হাসপাতাল সংগঠনের যৌথ উদ্যোগ এবং সহযোগিতায় আমরা এর বাস্তবায়ন করতে পারব।*

6-12 *গ্রেডের ছাত্রদের স্বাস্থ্য বিজ্ঞান বিষয়ক পেশার বিষয়ে জানার সুযোগ হয়। প্রোগ্রামে অংশগ্রহণকারীরা সেমিনারে যোগ দেন, হাসপাতালের প্রকৃত অবস্থা নিজের চোখে দেখার সুযোগ পান এবং মেডিকেল গবেষণায় অংশগ্রহণ করেন এবং ক্লিনিক্যাল এবং নন-ক্লিনিক্যাল হাসপাতাল পরিবেশ বিষয়ে জ্ঞান লাভ করেন।*

রোগ নির্ধারণ করা, প্রতিরোধ এবং রোগের চিকিৎসার গুরুত্ব ছাত্রদের বোঝাতে দৃষ্টান্ত দিয়ে অধ্যয়নের ব্যবস্থা করা হয়।

মেডিকেল কমিউনিটির সদস্যদের সহযোগিতায় ছাত্রেরা তাদের করা গবেষণা পাওয়ার পয়েন্ট, নকশা এবং বিজ্ঞান ব্যাখ্যার বোর্ডের মাধ্যমে উপস্থাপন করেন এবং তার মাধ্যমেই তারা হাসপাতালের সাথে জড়িত বিভিন্ন অভিজ্ঞতায় সমৃদ্ধ হতে পারেন।

ষোলো বছর বয়সেই ছাত্রদের Queens Hospital *সেন্টারে স্বেচ্ছাসেবক হিসাবে কাজ করতে উৎসাহ যোগানো হয়। সম্প্রদায়ের জন্য কিছু করার তাগিদ এই ধরনের অভিজ্ঞতার হাত ধরেই জন্ম নেয়।*

এগারো এবং দ্বাদশ গ্রেডের ছাত্রদের তাদের আগ্রহ রয়েছে এমন স্বাস্থ্য বিষয়ক বিভাগে কোন মাইনে না নিয়ে শিক্ষানবিশ হিসাবে কাজ করার জন্য উৎসাহিত করা হয়।

হাসপাতালের অভিজ্ঞতা সরাসরি উপলব্ধি করাতে একাধিক ক্লাব এবং সংগঠন উপস্থিত রয়েছে। উদাহরণস্বরূপ, Queens Hospital *সেন্টারে জরুরি মেডিসিন বিভাগে ছাত্রদের দৃষ্টান্তস্বরূপ ব্যক্তিত্বের সামনাসামনি হতে* Male Medical Mentorship *প্রোগ্রাম প্রস্তুত করা হয়েছে।* Queens Hospital Center, Queensborough Community College; *এবং* York *কলেজের সাথে সহযোগিতায়* Physician's Assistant *প্রোগ্রামের মাধ্যমে পেশা হিসাবে নার্সিং বিষয়ে প্রাথমিক আলোচনার অংশ হিসাবে প্রি-নার্সিং প্রোগ্রাম প্রস্তুত করা হয়েছে।*

ছাত্রদের Health and Wellness *ক্লাবে যোগ দিতে উৎসাহিত করা হয়, যেখানে ছাত্রেরা স্বাস্থ্যসম্মত অভ্যাস এবং জীবনযাপনের মাধ্যমে জীবনের মান উন্নত করার সুযোগ পান।*

হাসপাতাল প্রোগ্রামের সাথে প্রোজেক্ট এবং উপস্থাপনাও রাখা হয়।

VI. COMMUNITY SERVICE REQUIREMENT

সমস্ত ছাত্রদের নিজেদের সম্প্রদায়ের এবং বৃহত্তর সম্প্রদায়ের বিভিন্ন কাজে অংশগ্রহণ করার সুযোগ করে দিতেই Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুলে Community Service প্রোগ্রামের ব্যবস্থা রাখা হয়েছে। কর্মী, অভিভাবক এবং সম্প্রদায়ের অগ্রণী ব্যক্তিদের সহযোগিতায় আমাদের ছাত্রেরা দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে উঠতে পারবে।

Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুল সম্প্রদায়ের কাজে প্রত্যেক ছাত্রকেই অংশগ্রহণ করার উপরে জোড় দেয়। সম্প্রদায়ের কাজে 400 বা তার বেশি ঘন্টা কাজ করেছেন এমন ছাত্রেরা Gateway এর তরফ থেকে পাবেন সম্মানীয় ডিপ্লোমা, যা কলেজে এবং বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সময়ে বিশেষ সুবিধা পেতে দেয়।

Community Service প্রোগ্রামের লক্ষ্য হল:

- স্কুল এবং সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক সম্পর্ক বজায় রাখা এবং সমৃদ্ধ করা
- সম্প্রদায়ের জন্য কিছু করার এবং প্রয়োজনের প্রতি দায়বদ্ধ থাকার বিষয়ে সচেতনতা বাড়ানো
- দায়িত্বশীল নাগরিক করে তোলা
- জ্ঞান অর্জন করা এবং বাস্তবিক দক্ষতা বাড়িয়ে তোলা

ন্যাশনাল অনার সোসাইটি/অরিস্টায় ভর্তি হতে কমিউনিটি সার্ভিস করার রেকর্ড থাকা প্রয়োজন। কমিউনিটি সার্ভিস বিষয়ে আরো জানতে, দয়া করে আপনার গাইডেন্স কাউন্সিলরের সাহায্য নিন।

VII. স্কুল বিল্ডিং নিয়মকানুন

নিম্নলিখিত নিয়মকানুন মেনে না চললে অভিভাবককে জানানো হবে, আটক করা হবে বা সাময়িক ভাবে বহিষ্কার করা হবে।

1. **স্কুল বিল্ডিঙে ঢোকার মুখে ছাত্র আইডি অবশ্যই দেখাতে হবে।** আইডি না দেখাতে পারলে, অনুরোধ জানালে একটি প্রোগ্রাম কার্ড যেকোন কর্মী সদস্যকে অবশ্যই দেখাতে হবে।

2. বিল্ডিঙে ঢোকার মুখে টুপি, গলায় জড়ানোর মাফলাট, মাথার ফেটি **খুলে ফেলতে হবে**।

3. **সেল ফোন, ক্যামেরা, iPods, iPads, sidekicks, blackberries, রেডিও, টেপ প্লেয়ার, হেডফোন, বা অন্যান্য বৈদ্যুতিন ডিভাইস নিয়ে বিল্ডিঙে প্রবেশ করার অনুমতি নেই। এই ধরনের কোন বৈদ্যুতিন ডিভাইস সাথে রাখলে তা বাজেয়াপ্ত করা হবে এবং শুধুমাত্র বাবামা বা অভিভাবকের হাতেই তুলে দেওয়া হবে। বাবামায়েরা স্কুলের তরফ থেকে বাজেয়াপ্ত করা জিনিসপত্র প্রতি মাসের দ্বিতীয় এবং চতুর্থ সোমবারে বিকাল 3:45 থেকে বিকাল 5:30 এর মধ্যে এসে নিয়ে যেতে পারেন।**

4. ছাত্রদের প্রধান তলে অবশ্যই সকাল 7:55 পর্যন্ত থাকতে হবে যখন তারা তাদের লকারে যাওয়ার অনুমতি পান।

5. স্কুল চালু থাকার দিনে ছাত্রদের বিল্ডিং থেকে বেরিয়ে যাওয়ার **অনুমতি দেওয়া হয় না**, তবে বাবামা বা শিক্ষক সাথে থাকলে অন্য কথা।

6. শিক্ষক বা সুপারভাইজারের অনুপস্থিতিতে ছাত্রদের কোন শ্রেণীকক্ষে, পরীক্ষাগারে বা অফিসে ঢোকার অনুমতি নেই।

7. দ্বিতীয় ঘন্টা বাজার শেষেই সমস্ত ছাত্রকে শ্রেণীকক্ষে ঢুকে যেতে হবে। কোন ছাত্রকে কোন এক শিক্ষক আটকে রাখলে, আটক ছাত্রের অবশ্যই তার ক্লাসে ঢোকার আগে তার কাছ থেকে অনুমতি নেওয়া প্রয়োজন।

8. কোন ছাত্র স্কুলের সম্পত্তি ধ্বংস বা নষ্ট করলে তাকে মেরামত বা বদলে দেওয়ার খরচ বহন করার জন্য বলা হবে। এমনকি তাকে সাময়িক ভাবে বহিষ্কারও করা হতে পারে।

9. লাইব্রেরি এবং কম্পিউটারের সুবিধা নিচ্ছেন এমন ছাত্রদের সবসময়েই সচেতন ভাবে আচরণ করতে হবে।

10. তাস খেলা নিষিদ্ধ।

11. স্কুলের মধ্যে বা পার্শবর্তী জায়গায় (500 ফুট) ধূম্রপান করা নিষিদ্ধ।

12. বারান্দায়, হলঘরে যাওয়ার পথে, শৌচাগার, লকার রুম, বা কোন প্রবেশ পথ বা প্রস্থান পথে ইতস্তত ভাবে ঘুরে বেড়ানো নিষিদ্ধ।

13. খাওয়াদাওয়া শুধুমাত্র ছাত্রদের ক্যাফেটেরিয়াতেই করতে হবে। **শ্রেণীকক্ষে ছাত্রদের খাওয়ার, পান করার বা কিছু চিবানোর অনুমতি নেই।**

14. ছাত্রদের সমস্ত নোংরা বা আবর্জনা শ্রেণীকক্ষে থাকা পাত্রে ফেলতে হবে যাতে আবর্জনা চারিদিকে ছড়িয়ে না থাকে।

15. শিক্ষক অনুরোধ জানালে তবেই হোয়াইট বোর্ড, SMART বোর্ড, জানালার খড়খড়ি এবং আলোর স্যুইচে হাত দিতে পারবেন।

16. ছাত্রদের নিজেদেরকেই শ্রেণীকক্ষে নোটবই, পেন, পেন্সিল, ক্যালকুলেটর (এবং বলা হলে পাঠ্যবই) নিয়ে আসতে হবে।

17. কোন শিক্ষকের অনুমতি না নিয়েই বা শ্রেণীকক্ষের ছাড়পত্র ছাড়াই ঘর থেকে বেরিয়ে যাওয়ার অনুমতি ছাত্রদের নেই।

18. দৌড়ানো, লড়াই করা, শিস দেওয়া, গান গাওয়া, উঁচু গলায় কথা বলা, চিৎকার করা, বা যেকোন ভাবে মনোযোগ নষ্ট করা বা অসুবিধা তৈরি করা নিষিদ্ধ।

19. শ্রেণীকক্ষের ছাড়পত্র ছাড়াই ছাত্রদের ক্লাস চলা অবস্থায় হলঘরের রাস্তায় থাকার অনুমতি নেই।

20. সব ছাত্রকেই তাদের উপরে চাপানোর জামাকাপড় তাদের নির্দিষ্ট লকারে রেখে দিতে হবে। নির্দিষ্ট সময়ের বাইরে ছাত্রেরা লকারে যাওয়ার অনুমতি নাও পেতে পারেন।

21. শারীরিক শিক্ষার সময়ে জামাকাপড় রাখার জন্যই জিম লকার ব্যবহার করা যেতে পারে। লকার রুমে নিজেদের জিনিসপত্র নিরাপদে রাখতে ছাত্রদের অবশ্যই লকারের তালা কিনে নেওয়া উচিত।

22. এক ক্লাস থেকে অন্য ক্লাসে যাওয়ার সময়ে ছাত্রদের ডান দিক ধরে যেতে হবে এবং সময় নষ্ট না করে পরের ক্লাসে চলে যেতে হবে।

23. বিল্ডিঙে প্রেম ভালোবাসা ব্যক্ত করা অনুমোদিত নয়। অপর জনকে আদর করা, চুম্বন করা বা আবেগতাড়িত হয়ে জড়িয়ে ধরা চলবে না।

24. সবসময়ে জুতো পড়ে থাকতে হবে।

25. সকাল 7:55 থেকে সকাল 8:04 টার মধ্যে, তাদের দুপুরের খাবারের সময় শুরু হওয়ার আগে এবং স্কুল শেষ হওয়ার আগে ছাত্রেরা তাদের লকার অ্যাক্সেস করতে পারবেন।

ঘন্টা বাজার সম্ভাব্য সময়সূচি

লাগু হচ্ছে 6ই সেপ্টেম্বর, 2012 থেকে

সময়			
প্রাতরাশ	7:40	–	7:55
লকার পরীক্ষা*	7:55	–	8:04
1	8:05	–	8:48
2	8:52	–	9:35
3	9:39	–	10:25
4 দুপুরের আহার	10:29	–	11:12
5 দুপুরের আহার	11:16	–	11:59
6 দুপুরের আহার	12:03	–	12:46
7 দুপুরের আহার	12:50	–	1:33
8	1:37	–	2:20

বেশি সময়ের সেশন	2:20	–	2:58

(বাধ্যতামূলক এবং স্বেচ্ছামূলক প্রোগ্রাম সোমবার - বৃহস্পতিবার)

শিক্ষকের কাছে রিপোর্ট সময়:

সকাল **8:00**টা **–** দুপুর **2:58**টা সোমবার - বৃহস্পতিবার

সকাল **8:00**টা **–** দুপুর **2:20**টা শুক্রবার

*ছাত্রেরা দুপুরের খাবারের সময় শুরু হওয়ার আগে এবং স্কুল শেষ হওয়ার আগেও তাদের লকার অ্যাক্সেস করতে পারবেন।

হাজিরা

ছাত্রদের প্রতিদিন স্কুলে উপস্থিত থাকা বাধ্যতামূলক। আপনার বাচ্ছা স্কুলে অনুপস্থিত থাকলে, তার কারণ জানিয়ে ডাক্তার, সমাজ সেবক, শারীরিক চিকিৎসা বিশারদ ইত্যাদির কাছ থেকে চিঠি লিখিয়ে নিয়ে আসতে হবে। এই চিঠি অবশ্যই প্রত্যেক শিক্ষককে দেখাতে হবে এবং তারপরে হাজিরা অফিস, রুম 107 এ জমা দিতে হবে। অনুপস্থিত থাকার জন্য ক্ষমা চেয়ে নিলেই চলবে না।

আইন অনুসারে 21 বছর বয়স পর্যন্ত ছাত্রদের স্কুলে আসতে হবে। জেনেশুনে আপনার বাচ্ছাকে স্কুলে না পাঠানো বেআইনি।

কাজে আসতে পারে এমন কিছু ছোটখাট পরামর্শ

- ডাক্তার দেখাতে যাওয়ার থাকলে তার সময় স্কুল শেষ হয়ে যাওয়ার পরে, সন্ধ্যাবেলায় বা সপ্তাহান্তে রাখুন
- NYCDOE স্কুল ক্যালেন্ডার অনুসারে পরিবার নিয়ে ছুটি কাটাতে যাওয়ার পরিকল্পনা করুন। যতদিন ধরে ছুটি কাটাতে যাচ্ছেন তার আগে থেকে ছুটি করবেন না বা তার পরেও যেন ছুটির রেশ চলতে না থাকে।

স্কুলে 90% হাজিরা থাকা উপরের ক্লাসে ওঠার অন্যতম মাপকাঠি। মাত্রাতিরিক্ত ভাবে অনুপস্থিত থাকলে তা নিউ ইয়র্ক সিটি শিক্ষা দপ্তরের তরফ থেকে জারি করা আইন অনুসারে Educational Neglect to the Child Abuse Registry হিসাবে রিপোর্ট করা হবে।

দেরি করে হাজিরার নিয়ম

দেরির ঘন্টা বাজার পরে স্কুলে আসা ছাত্রদের বিষয়ের শিক্ষক দেরি করে স্কুলে এসেছে বলে উল্লেখ করে রাখবেন। ক্লাসে যাওয়ার প্রথম ঘন্টা বাজে সকাল 8:00টার সময়। ছাত্রেরা পাঁচ মিনিট সময় পান তাদের লকারে যাওয়ার জন্য এবং তাদের প্রথম পিরিয়ড ক্লাসে রিপোর্ট করার জন্য। দেরির ঘন্টা বাজে সকাল 8:05টায়। স্কুলে প্রায়ই দেরি করে আসলে, তার ফলে অংশগ্রহণের হার কম হওয়ার কারণে এবং দেওয়া কাজে অনুপস্থিত থাকায় ক্লাসে অনুত্তীর্ণ হতে পারে। দেরি করে আসলে কী নিয়ম প্রয়োগ করা হবে তা বিস্তারিত জানিয়ে প্রত্যেক ছাত্রকে নিয়মের একটি অনুলিপি দেওয়া হবে।

আটকে রাখার নিয়ম

Queens Gateway Detention *নীতির উদ্দেশ্য হল অনুপযুক্ত ব্যবহার থেকে বিরত রাখা এবং এই ধরনের আচরণের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া। আটক করার নিয়ম প্রয়োগ করে ছাত্রকে সাময়িক ভাবে বহিষ্কার করা থেকে আটকানো যায়, অসুবিধাজনক আচরণ নিয়ন্ত্রণে আনা যেতে পারে এবং* Queens Gateway *তার আচরণ বিশেষ পর্যায়েই ধরে রাখতে পারে। শিক্ষাদান এবং শিক্ষাগ্রহণের পরিবেশকে নষ্ট করে এমন অসুবিধাজনক বিষয়গুলিকে তুলে ধরতে এবং তার ব্যবস্থা নিতে আটক নিয়ম প্রস্তুত করা হয়েছে। এই সমস্ত*

আচরণ এর আওতায় রাখা হয় তবে এর মধ্যেই তা সীমাবদ্ধ নয়: গড়িমসি ভাব, মাত্রাতিরিক্ত কথা বলা, অবাধ্য হওয়া, অসম্মান করা, কাজ শেষ করতে না পারা, ক্লাসে প্রয়োজনীয় জিনিসপত্র না থাকা, বাজে ব্যবহার, ক্লাসের শান্তি নষ্ট করা, বদমায়েশি, ঘর নোংরা করা, ক্লাসে খাবার খাওয়া বা খাবার নিয়ে দেখানো, ক্লাসে অনুপস্থিত থাকা, ইতস্তত ঘুরে বেড়ানো, এবং স্কুল পরিচয় পত্র বা কার্ড না রাখা। আটকে রাখার নিয়মের একটি অনুলিপি প্রত্যেক ছাত্রকে দেওয়া হবে যেখানে নিয়মের বিস্তারিত উল্লেখ করা থাকবে।

ছাত্রদের পোশাক

Gateway "Dress Code" এর বিষয়ে প্রত্যেক ছাত্রকে মনে করিয়ে দেওয়া গুরুত্বপূর্ণ।

নিউ ইয়র্ক সিটি শিক্ষা দপ্তরের তরফ থেকে স্কুলে পড়ে আসার জন্য পোশাক নির্দিষ্ট করে দেওয়া হয়নি, তবে আদালত এবং পুরো ব্যবস্থা উভয়ই সম্মত হয়েছে যে পোশাকের উপরে স্কুল আলাদা ভাবে নিয়মকানুন চালু করতে পারে, যা শিক্ষার প্রয়োজনীয়তা এবং ছাত্র এবং কর্মীদের নিরাপত্তার কথা মাথায় রেখেই করা হবে।

Students Bill of Rights অনুসারে, সমস্ত ছাত্রই এক নিরাপদ এবং সহযোগিতামূলক শিক্ষার পরিবেশ পাওয়ার অধিকার রাখেন যেখানে বৈষম্য, হয়রানি এবং গোঁড়ামির কোন স্থান নেই। অনুপযুক্ত এবং নেতিবাচক আচরণের বহিঃপ্রকাশ ঘটায় এমন ধরনের পোশাক পরিধানের বিষয়ে Gateway ছাত্রদের অনুৎসাহিত করে। এই কারণে, Queens Gateway to Health Sciences মাধ্যমিক স্কুল ছাত্রদের পোশাকের উপরে কিছু নিয়মকানুন চাপিয়েছে।

পোশাক পরিচ্ছদ

শরীরের সাথে চিপকে লেগে থাকে এমন যেকোন ধরনের পোশাক, হাফ প্যান্টের মতো ছোট জামাকাপড়, মাইক্রো-মিনি স্কার্ট, লম্বালম্বি অনেকটা কাটা স্কার্ট পড়া চলবে না। স্তন, বুক, তলপেট, পিঠের নীচের অংশ এবং নিতম্ব দেখা যায় এমন যেকোন পোশাক যেমন ট্যাঙ্ক টপ, হল্টার-টপ, টিউব টপ বা লোয়ার রাইডার জিনস পড়া চলবে না। ভিতরের বস্ত্র দেখা যায় এমন বা শরীর উন্মুক্ত করে রাখে এমন স্বচ্ছ বস্ত্র পরিধান করা চলবে না।

সাধারণত, টি-শার্ট বা অন্যান্য ধরনের জামাকাপড় যাতে বেআইনি জিনিসের ব্যবহার, সংঘর্ষ, বা সংঘর্ষের সাথে সংশ্লিষ্ট গোষ্ঠী, যৌন হয়রানি উঁচু নজরে দেখানো হয় বা যাতে লালসাপূর্ণ বা কামোদ্দীপক ছবি রয়েছে তা পড়া চলবে না।

মাথায় পড়ার জিনিস

বিল্ডিঙের ভিতরে মাথায় টুপি পড়ে থাকা চলবে না। মাথা ঢেকে রাখার অন্যান্য বস্ত্র যেমন মাথায় বাঁধার ফেটি, যেকোন মাপ বা আকার বা ধরনের গলায় ঝোলানোর মাফলাট, এবং মাফলাট টিপু স্কুলে পড়া চলবে না।

গহনা

ভাড়ি সোনা বা রুপো, যেমন বড় মাপের জড়ানো চেন, বড় মাপের ফলক, একের বেশি আঙুলে পড়ার আংটি, দরজার কড়ার মতো বড় কানের দুল, বড় মাপের রঙীন পুতি স্কুলে পড়ে আসা চলবে না।

স্কুলে পড়ে আসার মানানসই পোশাকই সকল ছাত্রকে পড়ে আসতে উৎসাহিত করা হয়। মনে রাখবেন যে, গ্রীষ্মের সময়ে বাতানুকূল যন্ত্র চালু করে দেওয়া হবে। মানানসই ব্যক্তিগত পোশাক নিয়ে আপনার কোন প্রশ্ন থাকলে, দয়া করে অধ্যক্ষের সাথে যোগাযোগ করুন।

শারীর শিক্ষার পোশাক

শরীর শিক্ষার ক্লাসে অংশগ্রহণ করতে Queens Gateway স্কুলের সমস্ত ছাত্রদের জিমে পড়ার জন্য অনুমোদিত পোশাক পড়তে হবে। নীল/সাদা টি-শার্ট, নীল হাফ প্যান্ট বা সুতির তৈরি ঢিলা পাতলুন পোশাক হিসাবে পড়া যেতে পারে যা স্কুল থেকেই কিনতে হবে। সমস্ত ছাত্রকে তাদের লকারের জন্য তালা রাখতে হবে।

VIII. পড়ানো বিষয়গুলি

ইংরাজি		গণিত	
কোড	**বিবরণ**	**কোড**	**বিবরণ**
E06	ষষ্ঠ গ্রেডের গণিত	M06	ষষ্ঠ গ্রেডের গণিত
E07	সপ্তম গ্রেডের ইংরাজি	M07	সপ্তম গ্রেডের গণিত
E08	অষ্টম গ্রেডের ইংরাজি	M08SAAC	অষ্টম গ্রেডের গণিত অ্যাসেল বীজগণিত
E1,2	নবম গ্রেডের ইংরাজি	ME21,2	নবম গ্রেডের বীজগণিত
E3,4	দশম গ্রেডের ইংরাজি	MG21,2	নবম গ্রেডের গণিত অ্যাসেল জ্যামিতি
E5,6	একাদশ গ্রেডের ইংরাজি		দশম গ্রেডের গণিত-জ্যামিতি
E5X,6X	ইংরাজি-উন্নত প্লেসমেন্ট	MR21,2	দশম গ্রেডের গণিত উন্নত বীজগণিত এবং ত্রিকোণমিতি
E7,8	দ্বাদশ গ্রেডের ইংরাজি		একাদশ গ্রেডের গণিত - বীজগণিত/ত্রিকোণমিতি
E7X,8X	ইংরাজি-উন্নত প্লেসমেন্ট	MPC1,2	একাদশ গ্রেডের গণিত অ্যাসেল (**প্রি-ক্যালকুলাস**)
EELEC1,2	মিডিয়া অধ্যয়ন		দ্বাদশ গ্রেডের গণিত (**প্রি-ক্যালকুলাস**)
EJN1, 2	সাংবাদিকতা	MCX1	ক্যালকুলাস-উন্নত প্লেসমেন্ট
EPS8/EDB8	জনসমক্ষে বক্তৃতা/তর্ক	MELEC1,2	ঐচ্ছিক গণিত
সমাজ অধ্যয়ন			
H06	ষষ্ঠ গ্রেডের সমাজ অধ্যয়ন	**বিজ্ঞান**	
H07	সপ্তম গ্রেডের সমাজ অধ্যয়ন	S06	ষষ্ঠ গ্রেডের বিজ্ঞান
H08	অষ্টম গ্রেডের সমাজ অধ্যয়ন	S07	সপ্তম গ্রেডের বিজ্ঞান
H1,2	নবম গ্রেডের সমাজ অধ্যয়ন (গ্লোবাল স্টাডিজ)	SL01,2	অষ্টম গ্রেডের বিজ্ঞান (*বসবাসের পরিবেশ)
H1X, H2X	বিশ্বের ইতিহাস - উন্নত প্লেসমেন্ট	SL1,2	নবম গ্রেডের বিজ্ঞান (বসবাসের পরিবেশ)
H3,4	দশম গ্রেডের সমাজ অধ্যয়ন (গ্লোবাল স্টাডিজ)	SC1,2	**নবম গ্রেডের বিজ্ঞান** (**বসবাসের পরিবেশ**)
H3X, H4X	বিশ্বের ইতিহাস - উন্নত প্লেসমেন্ট	SCX1,2	ঐচ্ছিক রসায়ন - উন্নত প্লেসমেন্ট
H5,6	একাদশ গ্রেডের সমাজ অধ্যয়ন (আমেরিকার ইতিহাস)		দশম গ্রেডের বিজ্ঞান (রসায়ন)

H5X,H6X	মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাস - উন্নত প্লেসমেন্ট	SE1,2	দশম গ্রেডের ভূবিজ্ঞান < 80 রসায়ন
H7	দ্বাদশ গ্রেডের সমাজ অধ্যযন/(মার্কিন যুক্তরাষ্ট্র সরকার¯শরৎ)		একাদশ গ্রেডের বিজ্ঞান (ভূবিজ্ঞান < 80-রসায়ন)
H8	দ্বাদশ গ্রেডের সমাজ অধ্যয়ন (অর্থনীতি - বসন্ত)	*SCR	বিজ্ঞান গবেষণা নবম - একাদশ গ্রেড
		SPA1,2	শারীরসংস্থান বিদ্যা/ফিজিওলজি
	বিদেশী ভাষা	SDNA	ঐচ্ছিক DNA গবেষণা
FS07	সপ্তম গ্রেডের স্পেনীয়	SP1,2	দশম গ্রেডের বিজ্ঞান > 80-রসায়ন (ভৌত বিজ্ঞান অ্যাসেল)
F08SACC	অষ্টম গ্রেডের স্পেনীয় (ক্রমান্বয়ে) দক্ষতা প্রয়োজন	SPX1,2	ভৌত বিজ্ঞান - ঐচ্ছিক উন্নত প্লেসমেন্ট
FS1,2	নবম গ্রেডের স্পেনীয়	SBX1,2	জীববিজ্ঞান - ঐচ্ছিক উন্নত প্লেসমেন্ট
FS3,4	নবম গ্রেডের স্পেনীয় (ক্রমান্বয়)	SCX1,2	ঐচ্ছিক রসায়ন - উন্নত প্লেসমেন্ট
	দশম গ্রেডের গণিত-জ্যামিতি		
বিদেশী ভাষা চলছে		**কলা**	
কোড	বিবরণ	কোড	বিবরণ
FS5,6	দশম গ্রেডের স্পেনীয় (ক্রমান্বয়)	A06	ষষ্ঠ গ্রেডের কলাবিদ্যা
	একাদশ গ্রেডের স্পেনীয়	A07	সপ্তম গ্রেডের কলাবিদ্যা
		AAW1,2	আবশ্যক কলাবিদ্যা MWF/TH
		AAE	ঐচ্ছিক উন্নত কলাবিদ্যা
সংগীত		**শরীর শিক্ষা + স্বাস্থ্য**	
AOUA6	ষষ্ঠ গ্রেডের সংগীত	PA06	ষষ্ঠ গ্রেডের শরীর বিদ্যা
AOUA7	সপ্তম গ্রেডের সংগীত	PA07	সপ্তম গ্রেডের শরীর বিদ্যা
U1,2	আবশ্যক সংগীত - MWF/TR	PA08	অষ্টম গ্রেডের শরীর বিদ্যা
UD1,2	ব্যান্ড (নবম pd.) সপ্তম - দ্বাদশ গ্রেড (M,W,F)	PPE1,2	নবম - দ্বাদশ গ্রেডের শরীর বিদ্যা
UAE1,2	উন্নত সংগীত ঐচ্ছিক সপ্তম - দ্বাদশ গ্রেড	PH08	অষ্টম গ্রেডের স্বাস্থ্য বিজ্ঞান
		PH1,2	নবম - দ্বাদশ গ্রেডের স্বাস্থ্য বিজ্ঞান
		PWT	শারীরিক শক্তি বাড়ানোর ঐচ্ছিক প্রশিক্ষণ
বিভিন্ন বিষয় এবং বিভাগ সম্বন্ধীয়			

GLC1,2	নেতৃত্বদানের ক্লাস ছাত্রদের নির্বাচিত সমস্ত প্রতিনিধিদের জন্য আবশ্যক একাদশ এবং দ্বাদশ গ্রেডের ক্ষেত্রে ঐচ্ছিক		
PHOSP6	ষষ্ঠ গ্রেডের হাসপাতাল বিদ্যা		
PHOSP7	সপ্তম গ্রেডের হাসপাতাল বিদ্যা		
PHOSP8	অষ্টম গ্রেডের হাসপাতাল বিদ্যা		
PHOSP1	নবম এবং দশম গ্রেডের হাসপাতাল বিদ্যা		

সাধারণ পাঠ্য বিষয়

- হেমন্ত এবং বসন্ত মরশুমে পাঠক্রম শুরু করা হয়, সেপ্টেম্বর মাসে শুরু হয়ে জুনে শেষ হয়।
- কাগজপত্র এবং Advanced Regents Diploma প্রয়োজনীয়তা অনুসারে মরশুমের পাঠক্রম শুরু হওয়ার প্রথম সাত দিনের ভিতরে প্রোগ্রাম সংশোধন করা হয়।
- নির্দিষ্ট পাঠক্রম সম্পন্ন করা হলে মরশুম অনুসারে জানুয়ারি এবং জুন মাসে 'রিজেন্ট'র পরীক্ষা নেওয়া হয়।

অ্যাডভান্সড প্লেসমেন্ট কোর্স

ক্লাসে এবং রিজেন্ট'তে 85 এবং তার বেশি পেলে তবেই অ্যাডভান্সড প্লেসমেন্ট পাঠক্রমের জন্য দরখাস্ত করতে পারবেন। ছাত্রদের কলেজ বোর্ড AP পোটেনশিয়াল নির্বাচন প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচন করা হবে।

অ্যাভডান্সড প্লেসমেন্ট ক্লাসগুলি সেপ্টেম্বরে শুরু হয় এবং জুনে শেষ হয়। এই পাঠক্রমে ভর্তি হতে চাওয়া সকল ছাত্রকে মে মাসে অ্যাডভান্সড প্লেসমেন্ট পরীক্ষায় বসতে হবে। প্রতিটি পরীক্ষা দিতে $86 মতো লাগে। লাঞ্চ ফর্মে নির্দিষ্ট করে দেওয়া ফেডেরাল ইনকাম গাইডলাইন পূরণ করছে এমন পরিবার থেকে আসা ছাত্রদের পরীক্ষায় বসাতে লাগা অর্থ কম করা হয়।

PSAT/SAT

নবম, দশম এবং একাদশ গ্রেডের সমস্ত Queens Gateway ছাত্র PSAT দেন। SAT প্রস্তুতির এবং AP পাঠক্রমে ভর্তি হতে PSAT পরীক্ষা ভীষণ গুরুত্বপূর্ণ। তাছাড়া, ছাত্রের জুনিয়র বছরে PSAT পারফরমেন্স তাকে ন্যাশনাল মেরিট স্কলারশিপ এনে দিতে পারে। এই পরীক্ষায় বসতে অভিভাবক বা ছাত্রকে কোন অর্থ দিতে হবে না।

সমস্ত ছাত্রের তাদের জুনিয়র বছরের বসন্ত মরশুমে **SAT** দেওয়া দরকার। হেমন্ত মরশুমে, ছাত্রদের SAT দেওয়ার দরখাস্ত প্রক্রিয়ার খবরাখবর দিতে, ছাত্রদের থাকা প্রশ্নের উত্তর দিতে এবং কলেজ-কাউন্সিলিং বিষয়বস্তু যোগান দিতে কলেজ কাউন্সিলর নিয়মিত ভাবে জুনিয়র ক্লাসে আসবেন। এই পরীক্ষায় বসতে নাম নথিভুক্ত করতে অর্থ দিতে হয় এবং **Queens Gateway** তা দেখাশোনা করে না।

<u>উচ্চ বিদ্যালয়ে অ্যাকসিলিরেটেড ক্রেডিট অনুমোদনের DOE নিয়ম</u>

উচ্চ বিদ্যালয়ের পাঠক্রম গ্রেড 9 থেকে শুরু হয় এবং গ্রেড 12 পর্যন্ত চলে। এইসব পাঠক্রমে পাওয়া ক্রেডিট ছাত্রের উচ্চ বিদ্যালয়ের অংশ হিসাবে বিবেচনা করা হয়।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের নিয়মকানুন উত্তোরত্তর পাঠক্রম ক্রেডিটের বিষয়ে সিদ্ধান্ত নেয়। নবম গ্রেডের আগে সম্পন্ন করা পাঠক্রম উচ্চ বিদ্যালয়ের স্বীকৃতি পাওয়ার বিষয় এই নিয়মকানুন নিয়ন্ত্রণ করে। বিবেচিত বিষয়গুলি হল:

1. মিডল স্কুলের ছাত্র পাঠক্রম এবং সংশ্লিষ্ট স্টেট প্রোফিসিয়েন্সি পরীক্ষা বা রিজেন্টস পরীক্ষা পাশ করেন, তাহলে ছাত্রটিকে উচ্চ বিদ্যালয় পাঠক্রম ক্রেডিট এবং রিজেন্টস পরীক্ষা ক্রেডিট দেওয়া হবে।
2. স্টেট প্রোফিসিয়েন্সি পরীক্ষা বা অন্যান্য উপযুক্ত মূল্যায়ন উপলব্ধ থাকলে, ছাত্রেরা উত্তোরত্তর ক্রেডিট পাবেন না।
3. এই নিয়মকানুন মাথায় রেখে, নিম্নলিখিত বিষয়ের পাঠক্রমে উচ্চ বিদ্যালয়ের উত্তোরত্তর ক্রেডিট দেয় শুধুমাত্র উচ্চ বিদ্যালয়:
   - রিজেন্টস পরীক্ষায় শেষ হওয়া বিজ্ঞান পাঠক্রম (ভূবিজ্ঞান/বাস্তব পরিবেশ)
   - রিজেন্টস পরীক্ষায় শেষ হওয়া গণিত পাঠক্রম (বীজগণিত/জ্যামিতি)
   - প্রোফিসিয়েন্সি পরীক্ষা দিয়ে শেষ হওয়া স্পেনীয় পাঠক্রম

উপরে উল্লিখিত বিষয় পূরণ করতে না পারায় গ্রেড 8 (উত্তোরত্তর) ইংরাজি বা গ্রেড 8 (উত্তোরত্তর) বিশ্বের ইতিহাস পাঠক্রমে কোন ক্রেডিট দেওয়া হয় না।

IX. QUEENS GATEWAY হল একটি অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা স্কুল

পাঠক্রম	মরশুম	নবম - দ্বাদশ গ্রেড অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা **(**ক্রেডিট**)**
ইংরাজি	:ইংরাজি 1,2,3,4,5,6,7,8	8
সমাজ অধ্যয়ন	:বিশ্বের ইতিহাস এবং ভূগোল 1,2,3,4; ইউএস'র ইতিহাস এবং সরকার 1,2; অর্থনীতি (1 পঠনকাল); সরকারে অংশগ্রহণ (1 পঠনকাল)	8
গণিত	:বীজগণিত (2 পঠনকাল)/জ্যামিতি (2 পঠনকাল) বীজগণিত 2 (2 পঠনকাল); প্রি-ক্যালকুলাস (2 পঠনকাল)	8
বিজ্ঞান	:লিভিং এনভায়রনমেন্ট 1,2; রসায়ন 1,2; ভৌতবিজ্ঞান 1,2; ঐচ্ছিক (2 পঠনকাল)	8
স্বাস্থ্য	:স্বাস্থ্য (2 পঠনকাল)	1
কলাবিদ্যা	:কলাবিদ্যা (2 পঠনকাল)	1
মিউজিক	:মিউজিক (2 পঠনকাল)	1
ইংরাজি ছাড়া অন্য ভাষা:	বিদেশী ভাষা (2-6 পঠনকাল)	6
শরীর শিক্ষা	:শরীর শিক্ষা (8 পঠনকাল)	4.06
সংশ্লিষ্ট পাঠক্রম	/ঐচ্ছিক:বিভিন্ন	2
সর্বমোট প্রয়োজনীয় (ন্যূনতম)		**44**
রিজেন্টস পরীক্ষা		
ইংরাজি		হ্যাঁ 65 বা বেশি
বীজগণিত		হ্যাঁ 65 বা বেশি
জ্যামিতি		হ্যাঁ 65 বা বেশি
বিশ্বের ইতিহাস এবং ভূগোল		হ্যাঁ 65 বা বেশি
ইউএস'র ইতিহাস এবং সরকার		হ্যাঁ 65 বা বেশি
লিভিং এনভায়রনমেন্ট		হ্যাঁ 65 বা বেশি
ভৌত বিজ্ঞান		হ্যাঁ 65 বা বেশি
বিদেশী ভাষা/স্পেনীয়		হ্যাঁ

উত্তীর্ণ হওয়ার গুণমান গ্রেড 6-7

ছাত্রের কাজ	গুণমানসম্পন্ন পরীক্ষা		হাজিরা
	ELA	গণিত	
ভাষা কলাবিদ্যা এবং গণিতে NYC পারফরমেন্স স্ট্যান্ডার্ড পূরণ	শহরজুড়ে ELA পর্যায় 2 বা তার বেশিতে পারফরমেন্স	শহরজুড়ে গণিতে পর্যায় 2 বা তার বেশিতে পারফরমেন্স	90%

উত্তীর্ণ হওয়ার গুণমান গ্রেড 8

ছাত্রের কাজ	গুণমানসম্পন্ন পরীক্ষা		স্নাতকের প্রয়োজনীয়তা	হাজিরা
	ELA	গণিত		
ভাষা কলাবিদ্যা, গণিত এবং বিজ্ঞানে NYC পারফরমেন্স স্ট্যান্ডার্ড পূরণ	স্টেট ELA'র পর্যায় 2 বা তার বেশিতে পারফরমেন্স (পরীক্ষার সময়সূচির বিবেচনায় উপলব্ধ ডেটা অনুসারে)	স্টেট গণিতের পর্যায় 2 বা তার বেশিতে পারফরমেন্স (পরীক্ষার সময়সূচির বিবেচনায় উপলব্ধ ডেটা অনুসারে)	ইংরাজি, গণিত, বিজ্ঞান এবং সমাজ অধ্যয়নের পাঠক্রমে উত্তীর্ণ গ্রেড	90%

উত্তীর্ণ হওয়ার গুণমান গ্রেড 9-12

গ্রেড	পাঠক্রম	ন্যূনতম ক্রেডিট	হাজিরা
গ্রেড 9	শিক্ষা বিষয়ে নির্দিষ্ট গুণমান সফল ভাবে সম্পন্ন করা	**10** ক্রেডিট	90%
গ্রেড 10	ভাষা কলাবিদ্যা, গণিত এবং বিজ্ঞানে NYC পারফরমেন্স স্ট্যান্ডার্ড পূরণ	**20** ক্রেডিট (ইংরাজি এবং/অথবা ESL তে 4 এবং সমাজ অধ্যয়নে 4 সমেত)	90%
গ্রেড 11	শিক্ষা বিষয়ে নির্দিষ্ট গুণমান সফল ভাবে সম্পন্ন করা	**30** ক্রেডিট	90%
গ্রেড 12	5 রিজেন্ট পরীক্ষায় উত্তীর্ণ গ্রেড: ইংরাজি, গণিত, বিশ্বের ইতিহাস, ইউএস ইতিহাস এবং বিজ্ঞান; সমস্ত বিষয়ে উত্তীর্ণ গ্রেড থাকা প্রয়োজন	**44** ক্রেডিট	90%

ডিপ্লোমা'র প্রয়োজনীয়

নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেট গ্র্যাডুয়েশন'র তরফ থেকে প্রয়োজনীয়তার উপরন্তু, Queens Gateway তে পড়তে আসা সকল ছাত্রকে উচ্চ বিদ্যালয়ে অন্ততপক্ষে চার বছর ধরে গণিত, বিজ্ঞান, ইংরাজি এবং বিদেশী ভাষা পড়ে আসতে হবে। Gateway Institute'র চিন্তাভাবনার পাশাপাশি প্রতিযোগিতামূলক কলেজের কথা বিবেচনা করেই এই প্রয়োজনীয়তা নির্দিষ্ট করা হয়েছে।

ডিপ্লোমা এবং এনডর্সমেন্ট সিল

অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা 44 ক্রেডিট8 রিজেন্ট 65+

ডিপ্লোমা সিল

Gateway এনডর্সমেন্ট - 400 ঘন্টার কমিউনিটি সেবা করা প্রয়োজন
Regents সিল এনডর্সমেন্ট - Regents ডিপ্লোমার জন্য
Honor এনডর্সমেন্ট সমেত রিজেন্টস > 90 সকল প্রয়োজনীয় রিজেন্টে
মেরিট এনডর্সমেন্ট সমেত ডিপ্লোমা > 80% গড়
Honor এনডর্সমেন্ট সমেত ডিপ্লোমা > 90% গড়
সিটিজেনশিপ এনডর্সমেন্ট - আচরণ এবং স্কুলের প্রতি দায়বদ্ধতা - সুপারিশের প্রয়োজন

X. ছাত্র ক্রিয়াকলাপ/তথ্য

ছাত্রের অংশগ্রহণ

ছাত্র সংগঠনের সক্রিয় সদস্য হতে সকল ছাত্রকেই আমন্ত্রণ জানানো হয়। শ্রীমান শ্রী পারসান Queens Gateway তরফ থেকে ছাত্র ক্রিয়াকলাপের তত্ত্বাবধান করে থাকেন। তিনি 129 নম্বর অফিস রুমে বসেন।

ছাত্র সরকার - স্কুলের নির্বাচিত ছাত্র আধিকারিকদের লিডারশিপ ক্লাস নিতে হয়। প্রত্যেকের গ্রেডের ছাত্র আধিকারিকেরা অধ্যক্ষ হেনরিকে ক্রিয়াকলাপ বা স্কুলের আলোচ্য বিষয়ে পরামর্শ দেন।

প্রত্যেক বছর মে/জুন মাসে ছাত্র নির্বাচন হয়ে থাকে। দরখাস্ত করতে সামগ্রিক গড় 85+, শিক্ষকের সুপারিশ এবং কমিউনিটি সেবা থাকার প্রয়োজন। শাস্তি পাওয়ার অতীত ইতিহাস থাকা ছাত্রেরা দরখাস্ত করতে পারবেন না। ষষ্ঠ গ্রেডধারীদের জন্য সেপ্টেম্বর/অক্টোবর মাসে একটি বিশেষ নির্বাচন সংগঠিত হবে।

National Honor Society/Arista – বই পড়ে পাওয়া শিক্ষা, নেতৃত্বদান, কমিউনিটি সেবা এবং দায়িত্বের নিরিখে জাতীয় স্তরে স্বীকৃত শিক্ষা সংগঠন। দরখাস্ত করতে কোন ছাত্রের 85+ গড় এবং সম্পন্ন করার নিরিখে জমা দেওয়ার প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। মে/জুন মাসে Arista Induction সংগঠিত হয়ে থাকে।

ক্লাব - প্রত্যেক বছরই বিভিন্ন ধরনের ক্লাব উপলব্ধ থাকে। উল্লেখযোগ্য ক্লাবগুলি: Student Government, Senior Council, Arista, Yearbook Club, Mock Trial, Newspaper Club, Art Club, Debate Team, Health and Wellness Club.

রিপোর্ট কার্ড/গ্রেড দেওয়ার নিয়ম

প্রত্যেক ছাত্রকে বছরে ছয় (6) বার রিপোর্ট কার্ড দেওয়া হবে:

হেমন্ত: অক্টোবর - পিতামাতা-শিক্ষকের কনফারেন্সে শুধুমাত্র পিতামাতা এবং অভিভাবককে
ডিসেম্বর
জানুয়ারি 31 – হেমন্ত পঠনকালের শেষ

বসন্ত: মার্চ - পিতামাতা-শিক্ষকের কনফারেন্সে শুধুমাত্র পিতামাতা এবং অভিভাবকদের
মে
জুন – ক্লাসের শেষ দিন

ক্লাসের প্রথম পূর্ণ সপ্তাহে প্রত্যেক ছাত্র প্রত্যেক শিক্ষকের কাছ থেকে একটি চুক্তি পাবেন। আপনাকে এবং আপনার সন্তানকে চুক্তিতে অবশ্যই সই করতে হবে। সই করা হয়ে গেলে তা শিক্ষকের কাছে ফেরত পাঠানো হয়।

ছাত্রদের পাওয়া গ্রেড থেকে শুধুমাত্র শিক্ষাগত পারফরমেন্স বোঝা যায়। প্রত্যেক উল্লিখিত পঠনকালে পাওয়া গ্রেড থেকে ছাত্রের পরীক্ষা, ক্যুইজ, ক্লাসে করা পঠন, বাড়িতে করা পঠন, রিপোর্ট, প্রোজেক্ট (গ্রীষ্মের রিডিং প্রোজেক্ট সমেত), পরীক্ষাগারে করা এবং চুক্তিতে উল্লেখ রাখা অন্য যেকোন পারফরমেন্স মাপকাঠি দেখায়।

গ্রেড দেওয়ার নিয়মের উল্লেখ অনুসারে কোন নির্দিষ্ট পঠনকালের করা পড়া অনুসারে প্রত্যেক পঠনকালের গ্রেড নির্ধারণ করা হয়। প্রত্যেকে সেমিস্টারের, (জানুয়ারি/জুন), তৃতীয় উল্লিখিত পঠনকালের গ্রেড হল মিলিত গ্রেড যা সমগ্র ফলাফলে প্রতিফলিত হয়।

পরিবহন

স্কুল থেকে কত দূরে থাকেন সেই অনুসারে ছাত্রেরা নিম্নলিখিত মেট্রো কার্ডগুলি পাবেন। Office of Pupil Transportation'র তরফ থেকে এই বিষয়গুলি নির্দিষ্ট করা হয়ে থাকে। আপনার বাসস্থান যদি:

স্কুল থেকে..... 1½ মাইল বা তার বেশি হয়বিনামূল্যে মেট্রো কার্ড
স্কুল থেকে..... ½ মাইল 1½ মাইল হয়অর্ধেক ভাড়ার মেট্রো কার্ড
স্কুল থেকে..... ½ মাইলের কম হয়মেট্রো কার্ড দেওয়া হয় না

মেট্রো কার্ড হারিয়ে গেলে বা চুরি হয়ে গেলে, প্রধান অফিসে 105 রুমে অবশ্যই জানাতে হবে। তখনই কোন তারিখে বদলি দেওয়া হবে তা আপনাকে জানিয়ে দেওয়া হবে। বদলি কার্ড না পাওয়া পর্যন্ত ছাত্রদের পরিবহন বাবদ হওয়া খরচ নিজেদেরকেই ওঠাতে হবে।

স্কুল থেকে এক মাইলের বেশি দূরত্বে বসবাস করা 28 রাজ্যের বাসিন্দাদের Office of Pupil Transportation'র তরফ থেকে ছাত্রদের হলুদ বাসের সুবিধা দেওয়া হয়।

প্রাতরাশ এবং দুপুরের আহার

ছাত্রেদের ক্যাফেটেরিয়াতে সকল ছাত্রের জন্য সকাল 7:40 থেকে সকাল 8:00টা পর্যন্ত বিনামূল্য পুষ্টিকর প্রাতরাশের ব্যবস্থা রাখা হয়। উন্নত, স্বাস্থ্যকর এবং সুস্বাদু প্রাতরাশ দিয়ে দিনের সূত্রপাত করা সকল ছাত্রের জন্য ভীষণই গুরুত্বপূর্ণ। অধ্যয়ন করে দেখা গেছে যে, এমনটা ছাত্রদের চিন্তাভাবনা স্পষ্ট করতে এবং সারাদিনের ধকল সইতে তাদের প্রয়োজনীয় শক্তি যোগাতে পারে।

ফাইলে সম্পূর্ণ লাঞ্চ অ্যাপ্লিকেশন সকল ছাত্রের থাকতে হবে যেখানে ছাত্রের পিতামাতা বা অভিভাবকের সই থাকবে। বিভিন্ন ধরনের ক্রিয়াকলাপ নির্ধারণের জন্য লাঞ্চ অ্যাপ্লিকেশনের ব্যবহার করা হয়ে থাকে; বিনামূল্যে বা কম খরচে কোন ছাত্রের জন্য লাঞ্চের ব্যবস্থা রয়েছে কিনা এবং কলেজের খরচ মুকুব করে দেওয়ার বিষয়গুলিতে উত্তীর্ণ কিনা। 4, 5, 6, 7 পিরিয়ড হল লাঞ্চ পিরিয়ড। সকল ছাত্রকেই লাঞ্চের আওতাভুক্ত করা হয়। আপনার সন্তানের প্রোগ্রামে লাঞ্চের উল্লেখ না থাকলে, তাদের গাইডেন্স কাউন্সিলরের সাথে কথা বলুন।

ওয়ার্কিং পেপার

কোন ছাত্রের বয়স আঠারো বছরের নীচে হলে, স্কুলের সময়ের পরে কোন সাময়িক সময়ের চাকরি করার আগে তাকে অবশ্যই 'ওয়ার্কিং পেপার' জোগাড় করতে হবে। 304 রুম থেকে অভিভাবকদের সাথে যোগাযোগ সাধনের ব্যক্তির তরফ থেকে ওয়ার্কিং পেপারের দরখাস্ত জারি করা হয়। ওয়ার্কিং পেপার পেতে, অভিভাবকের অনুমতি, মেডিকেল পরীক্ষা, এবং বয়সের প্রমাণপত্রের প্রয়োজন হয়।

যোগাযোগের তথ্য/অসুস্থতা

স্কুলের কাছে আপনার ঠিকানা এবং টেলিফোন তথ্যের নির্ভুল রেকর্ড থাকা জরুরি। অভিভাবকদের অফিসের এবং জরুরি যোগাযোগ নম্বর স্কুলের কাছে দিয়ে রাখা প্রয়োজন। টেলিফোন নম্বর এবং ঠিকানার কোন রকমের রদবদল তার প্রমাণ সমেত (যেমন, টেলিফোন, গ্যাস বা বিদ্যুতের বিল) প্রধান অফিসে জানাতে হবে।

স্কুলে কোন বাচ্ছা অসুস্থ হয়ে পড়লে বা তাকে স্কুলের ছুটি হওয়ার আগেই বাড়ি ফিরে আসতে হলে, একাই বাড়ি চলে যাওয়ার জন্য তাকে স্কুল থেকে ছাড়া হয় না, পিতামাতা বা অভিভাবককে এসে অবশ্যই সাথে করে নিয়ে যেতে হবে। পিতামাতা বা অভিভাবক ছাড়া যেকোন প্রাপ্ত বয়স্কের উল্লেখ অবশ্যই নীল জরুরি কার্ডে রাখতে হবে। বাচ্ছাকে স্কুল থেকে যেতে দেওয়ার আগে সকল প্রাপ্ত বয়স্ককে তার পরিচয়পত্র দেখাতে হবে এবং 105 প্রধান অফিস রুমে ছাত্রকে নিয়ে এসে সাইট আউট করাতে হবে।

QUEENS GATEWAY স্কুল ডিরেক্টরি

নাম	**দায়দায়িত্ব**	**টেলিফোন নম্বর**
শ্রীমতী ব্ল্যাক	সাধারণ স্কুল তথ্য শরীরচর্চার পোশাক রুম 105 – প্রধান অফিস	718-969-3155
শ্রীমতী ফস্টার	মেট্রো কার্ড এবং লাঞ্চ তথ্য – রুম 105	718-969-3155 x1062
শ্রীমান ভিল্লার	ছাত্র আইডি বদল - রুম 404	718-969-3155 x4042
শ্রীমতী ওয়ার্থেন	স্বাস্থ্য দপ্তর - স্বাস্থ্য সেবা – রুম B17	718-969-3155 x5171
শ্রীমতী ক্রেগ	পিতামাতার আলোচ্য বিষয় পিতামাতার সাথে যোগাযোগ সাধন – রুম 304	718-969-3155 x3043
শ্রীমতী ও'রৌয়ুর্ক	ছাত্রদের নিয়মশৃঙ্খলা/নিরাপত্তা বিষয়ক প্রধান – রুম 109	718-969-3155 x1093
সকল শিক্ষক	TeacherEase এবং ARIS থেকে ছাত্ররা কেমন উন্নতি করছেন তা দেখা যেতে পারে। কোন শিক্ষকের সাথে আপনার কথা বলার থাকলে, প্রধান অফিসে আপনাকে বার্তা রেখে যেতে হবে বা গাইডেন্স কাউন্সিলরের সাথে কথা বলুন। **ক্লাস নিচ্ছেন এমন অবস্থায় আপনি কোন শিক্ষকের সাথে কথা বলতে পারবেন না।**	718-969-3155
শ্রীমতী অবিওয়ে	ছাত্র সহায়তা বিষয়ক গাইডেন্স কাউন্সিলর ¯ ষষ্ঠ' সপ্তম' অষ্টম' নবম গ্রেড – রুম 459C	718-969-3155 x4593

নাম	দায়দায়িত্ব	টেলিফোন নম্বর
শ্রীমতী নাজাইরে	ছাত্র সহায়তা বিষয়ক অফিসিয়াল ট্র্যান্সক্রিপ্ট এবং অ্যাডমিশন গাইডেন্স কাউন্সিলর ¯ দশম' একাদশ গ্রেড – রুম 459D	718-969-3155 x4592
শ্রীমতী উভা	কলেজের সহায়তা বিষয়ক গাইডেন্স কাউন্সিলর ¯ দ্বাদশ গ্রেড কলেজ কাউন্সিলর – রুম 350	718-969-3155 x3502
শ্রীমান মাদিন	স্কুল প্রশাসক, AP নির্দেশ তত্ত্বাবধায়ন: ইংরাজি, বিদেশী ভাষা, মিউজিক এবং কলাবিদ্যার শিক্ষক – রুম 204	718-969-3155 x2042
শ্রীমান মৌসা	স্কুল প্রশাসক, AP সংগঠন তত্ত্বাবধায়ন: প্রধান অফিস কর্মী, প্রধান, স্কুলের নিরাপত্তা, সমাজ অধ্যয়ন এবং শরীর বিদ্যার শিক্ষক – রুম 358	718-969-3155 x3581
শ্রীমতী হামিলটন	শ্রীমান মৌসা'র সচিব – রুম 107	718-969-3155 x1072
শ্রীমতী হেনরি	অধ্যক্ষ	718-969-3155 x1058
শ্রীমতী ভিলা	শ্রীমতী হেনরি'র সচিব – রুম 105	718-969-3155 x1054
শ্রীমতী পার্কার	ছাত্র অ্যাকাউন্টিং সচিব – সাধারণ স্কুল তথ্য, ATS ভর্তি, ঠিকানা/টেলিফোন নম্বর পরিবর্তন রুম – 105	718-969-3155 x1052
PTA	অভিভাবক শিক্ষক সংগঠন পরিচালক পর্ষদ'র জন্য বার্তা	718-969-3155 x1112

কোন বিষয় নিয়ে কথা বলার থাকলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি?

আমি কোথায় শুরু করতে পারি?	
পিতামাতা	**ছাত্র**
সমস্যার বিষয়টি বুঝতে আপনার বাচ্ছার সাথে কথা বলুন।	আপনার সমস্যার সমাধান করতে আপনার শিক্ষক বা কর্মী সদস্যের সাথে কথা বলুন।
শিক্ষক বা কর্মী সদস্যের বিষয়টি নিয়ে মতামত জানতে তাদের সাথে কথা বলুন এবং আপনার আলোচ্য বিষয়টির সমাধানের চেষ্টা করুন।	আপনি সমস্যার মিটিয়ে ফেলেছেন অথবা মেটাননি - যাই হোক না কেন বিষয়টি আপনার পিতামাতাকে জানান।
বিষয়টি মেটাতে আপনার শুরুতে করা প্রচেষ্টায় আপনি সন্তুষ্ট না হলে আপনার তত্ত্বাবধায়কের সাথে কথা বলুন।	আপনার সমস্যার বিষয়টি মেটাতে সহ অধ্যক্ষের সাথে কথা বলুন।
কোন কিছুই কাজে না এলে, অধ্যক্ষের সাথে কথা বলুন।	কোন কিছুই কাজে না এলে, অধ্যক্ষের সাথে কথা বলুন।

XI. ছাত্র ব্যক্তিগত পরিষেবা

গাইডেন্স কাউন্সিলর:

শ্রীমতী বারবারা অবিয়ো	শ্রীমতী কেল নাজাইরি	শ্রীমতী ডিয়ানা উভা
ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম গ্রেড	দশম এবং একাদশ গ্রেড	দ্বাদশ গ্রেড
রুম	459C	রুম 459Dরুম 350

কলেজ কাউন্সিলর :শ্রীমতী ডিয়ানা উভা
ষষ্ঠ - দ্বাদশ গ্রেড
রুম 350

গাইডেন্স কাউন্সিলর ছাত্রদের নির্দেশ দেওয়ার পাশাপাশি পরামর্শ বা উপদেশ দিয়ে সহায়তা করবেন। বাচ্ছার শিক্ষাগত এবং মানসিক বিকাশের প্রতিটি পর্যায়ে তারা তাদের অভিভাবকদেরকেও সাথে নেবেন।

এই সব বিষয়ে অভিভাবক একজন কাউন্সিলরের সাথে কথা বলতে পারেন:

- ছাত্রের উত্তীর্ণ হওয়া/স্নাতক হওয়ার বিষয়ে জানতে চাওয়া
- শিক্ষাগত সহায়তার বিষয়ে জানতে
- কোন বিশেষ স্কুল প্রোগ্রাম বা ইভেন্টের বিষয়ে জানতে

- পরিবারের কোন উদ্বেগের বা জরুরি বিষয়ে স্কুলকে জানাতে
- কলেজের প্রস্তুতিতে সহায়তা পেতে তথ্য চেয়ে

গাইডেন্স/কলেজ কাউন্সিলর স্কুলের সারা বছরে গ্রেড সমাবেশ এবং শ্রেণীকক্ষে উপস্থাপনার কাজে নিয়োজিত হবেন, যাতে মুখ্য বিষয় থাকবে:

• অধ্যয়ন দক্ষতা	PSAT/SAT প্রস্তুতি
• প্রস্তুতি	উচ্চ বিদ্যালয়ের দরখাস্ত প্রক্রিয়া
• শিক্ষাগত বিজ্ঞপ্তি	কলেজে দরখাস্তের প্রক্রিয়া
• উত্তীর্ণ/স্নাতক হওয়া	কলেজ পোর্টফোলিও

XII. সম্ভাষণ এবং অভিবাদন নির্বাচন

যোগ্যতা

প্রার্থী হিসাবে বিবেচিত হতে**,** সপ্তম পঠনকালের শেষে **Gateway to Health Sciences** মাধ্যমিক স্কুলে কোন ছাত্রকে অন্ততপক্ষে **25** ক্রেডিট সম্পন্ন করতে হবে।

নির্বাচন

A. সম্ভাষণ :যে ছাত্র:

1. নবম, দশম, একাদশ এবং দ্বাদশ গ্রেডের প্রথম সেমিস্টারে সর্বোচ্চ গড় গ্রেড পান।
2. STARS ক্লাস মান তালিকায় এক নম্বর হন।
3. প্রধানের খাতায় অসাধারণ হিসাবে উল্লেখ।
4. অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা পান।
5. সিনিয়র বছরে 90% উপস্থিতি বজায় রাখেন।

B. অভিবাদন :যে ছাত্র:

1. নবম, দশম, একাদশ এবং দ্বাদশ গ্রেডের প্রথম সেমিস্টারে দ্বিতীয় সর্বোচ্চ গড় গ্রেড পান।
2. STARS ক্লাস মান তালিকায় দুই নম্বরে থাকেন।
3. প্রধানের খাতায় অসাধারণ হিসাবে উল্লেখ।
4. অ্যাডভান্সড রিজেন্টস ডিপ্লোমা পান
5. সিনিয়র বছরে 90% উপস্থিতি বজায় রাখেন।

C. TIE:

1. সম্ভাষণ**:** দুই বা তার বেশি ছাত্র সর্বোচ্চ গড় হাসিল করলে এবং এক নম্বরে থাকলে, তাদের মধ্যে সেরা বেছে নিতে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হবে:
   - নিম্নলিখিত রিজেন্টের রিজেন্ট পরীক্ষার গড় ফলাফল: ইংরাজি, স্পেনীয়, আমেরিকার ইতিহাস,
   - দুইটি গণিত রিজেন্টের গড় (বীজগণিত, জ্যামিতি)
   - তিনটি বিজ্ঞান রিজেন্টের গড় (বাস্তব পরিবেশ, রসায়ন এবং ভৌতবিজ্ঞান)

অপেক্ষাকৃত বেশি উপরের দিকে থাকা ছাত্রে পাবেন সম্ভাষণ এবং দ্বিতীয় ধাপে থাকা ছাত্র পাবেন অভিবাদন খেতাব।

2. অভিবাদন**:** দুই বা তার বেশি ছাত্র দ্বিতীয় সর্বোচ্চ গড় হাসিল করলে এবং দুই নম্বরে থাকলে, তাদের মধ্যে সেরা বেছে নিতে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা হবে:
   - নিম্নলিখিত রিজেন্টের রিজেন্ট পরীক্ষার গড় ফলাফল: ইংরাজি, স্পেনীয়, আমেরিকার ইতিহাস
   - দুইটি গণিত রিজেন্টের গড় (বীজগণিত, জ্যামিতি)

- তিনটি বিজ্ঞান রিজেন্টের গড় (বাস্তব পরিবেশ, রসায়ন এবং ভৌতবিজ্ঞান)

D. ছাত্র এবং পিতামাতার প্রতি বিজ্ঞপ্তি
NYC DOE'র নির্ধারণ অনুসারে সম্ভাষণ (Valedictorian) এবং অভিবাদন (Salutatorian) আধিকারিক শেষ পদে নির্বাচন করা হবে এবং জানিয়ে দেওয়া হবে। নির্বাচিত ছাত্রদের পিতামাতা/অভিভাবকদেরকেও লিখিত ভাবে অবগত করানো হবে।

E. সম্ভাষণ এবং অভিবাদন পাওয়ার খেতাবের জন্য নির্বাচিত হয়েও অযোগ্য হয়ে যাওয়ার কারণগুলি হল:
1. সিনিয়র বছরে ছাত্রের উত্তীর্ণ হওয়ার গ্রেড ধরে রাখতে না পারা।
2. সিনিয়র বছর জুড়ে ছাত্রের 90% হাজিরা ধরে রাখতে না পারা। তবে কোন বিশেষ পরিস্থিতির কারণে তা হয়ে থাকলে তাও বিবেচনা করা হয়।
3. ছাত্র শৃঙ্খলা নিয়ম'র উল্লঙ্ঘনের কারণে সাময়িক ভাবে ছাত্রকে বরখাস্ত করা।

F. অযোগ্য প্রমাণিত হওয়ার ক্ষেত্রে সম্ভাষণ এবং অভিবাদন খেতাব পেতে নির্বাচন
(i) সম্ভাষণ খেতাবের পাওয়ার সম্ভাব্য ছাত্র অযোগ্য বলে প্রমাণিত হলে, অভিবাদন খেতাব পেতে মনোনিত ছাত্র সম্ভাষণ খেতাব পান।
(ii) অভিবাদন খেতাব পেতে মনোনিত ছাত্র অযোগ্য প্রমাণিত হলে, ঠিক পরবর্তী সর্বোচ্চ গড় থাকা ছাত্রকে তার জন্য বেছে নেওয়া হয়।

XIII. GATEWAY প্রোগ্রামগুলি

বিশেষ শিক্ষা
বিশেষ প্রয়োজন থাকা ছাত্রদের Individualized Education Plan (IEP) এবং Special Education Reform'র সাথে মানানসই শিক্ষার ব্যবস্থা করা হয়।

অ্যাকাডেমিক ইন্টারভেনশন প্রোগ্রাম
1. অ্যাকাডেমিক ইন্টারভেনশন পরিষেবা
গুণমান নির্দিষ্ট পরীক্ষায় ন্যূনতম প্রত্যাশার থেকেও কম ফল পাওয়া ছাত্রদের এই ধরনের সহায়তা ক্লাসে যোগ দেওয়ার জন্য বলা হয়।

2. 37½ মিনিট ধরে চলা প্রশিক্ষণ ***(***সোমবার থেকে বৃহস্পতিবার***)***
স্কুলের প্রোগ্রামের পরে হওয়া 37½ মিনিটের প্রশিক্ষণ এদের জন্য রাখা হয়েছে:
- গুণমান নির্দিষ্ট ELA এবং/অথবা গণিতের পরীক্ষায় যে সকল ছাত্র ন্যূনতম লেবেল 2 পেতে পারেননি।

- পূর্ববর্তী মান নির্ধারণের পঠনকালে ক্লাসে অনুত্তীর্ণ হওয়া সকল ছাত্র। ছাত্রেরা উত্তীর্ণ হবেন কিনা তা নিয়ে প্রশ্নচিহ্ন রয়েছে বলে গাইডেন্স কাউন্সিলরের তরফ থেকে ছাত্রের পিতামাতাদের অবগত করিয়ে চিঠি দেওয়া হয়।
- কোন রিজেন্টস পরীক্ষায় অনুত্তীর্ণ না হওয়া সকল ছাত্র।

3. শনিবারের অ্যাকাডেমি
   Gateway'র অ্যাকাডেমিক ইন্টারভেনশন সার্ভিসেস'র একটি অবিচ্ছেদ্য অংশ হল শনিবারের প্রোগ্রাম। নিয়মিত স্কুল প্রোগ্রামেরই একটি সংযোজন হল এই প্রোগ্রাম এবং এটি রিজেন্টস এবং অন্যান্য গুণমান নির্দিষ্ট পরীক্ষায় ছাত্রদের শিক্ষাগত ফলাফল উন্নত করতে প্রস্তুত করা হয়েছে। এই প্রোগ্রাম উত্তীর্ণ হওয়ার বিষয়ে প্রশ্নচিহ্ন থাকা ছাত্রদের প্রস্তুত করতে রাখা হয়েছে। ছাত্রদের ক্লাসের গ্রেড উন্নত করতে এবং রিজেন্টস পরীক্ষায় উত্তীর্ণ হতে সাহায্য করতে শনিবারের অ্যাকাডেমি প্রোগ্রাম প্রস্তুত করা হয়েছে। ছাত্রেরা বিজ্ঞান, গণিত, সমাজ অধ্যয়ন এবং ইংরাজির মতো প্রধান বিষয়ের ক্লাসে যোগ দেন। রিজেন্টস'র যোগ্যতা অর্জনের তুল্য করে তুলতে স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট ল্যাবরেটরি'র নির্দিষ্ট প্রয়োজনীয়তা পূরণ করতে ছাত্রদের অতিরিক্ত সময় ধরে পরীক্ষাগারে থেকে শেখার সুবিধা দেওয়া হয়।

বিজ্ঞান এবং গণিত অ্যাকসিলারেশন প্রোগ্রাম

প্রত্যেক গ্রেড পর্যায়ের নির্দিষ্ট গুণমান ধরে রাখতে সাহায্য করতে একটি বিজ্ঞান এবং গণিত প্ল্যান গড়ে তোলা হয়। সপ্তম গ্রেডের ছাত্রদের অষ্টম গ্রেডের বিজ্ঞান পড়ানো হয়। ছাত্রেরা অষ্টম গ্রেডের পাঠক্রম পড়বেন এবং অষ্টম গ্রেডে ইন্টারমিডিয়েট লেবেল সায়েন্স পরীক্ষা সম্পন্ন করবেন। ছাত্রেরা অষ্টম গ্রেডে উত্তীর্ণ হওয়ার পরে, উচ্চ বিদ্যালয়ের রিজেন্ট পর্যায়ের পাঠক্রম - বাস্তব পরিবেশ দিয়ে শুরু করে চার বছর ধরে বিজ্ঞানের পড়াশুনা করবেন।

মিডিল স্কুল বিজ্ঞানের শিক্ষক ইন্টারমিডিয়েট লেবেল সায়েন্স টেস্ট গ্রেড 8 তত্ত্বাবধানের এবং মান দেওয়ার কাজে প্রশিক্ষিত, যা বসন্ত মরশুমের পঠনকালে দেওয়া হয়। অষ্টম গ্রেডের যে সকল ছাত্রের উত্তীর্ণ হওয়ায় প্রশ্নচিহ্ন রয়েছে তাদের গ্রীষ্মের সময়ে গ্রীষ্মকালীন স্কুলে আসার জন্য বলা হয়।

এখুনিই কলেজ

নিখরচায়! নিখরচায়! নিখরচায়! ছাত্রেরা উচ্চ বিদ্যালয়ে পড়ার সময়েই কলেজে পড়ার ক্রেডিট পেতে পারবেন Queens Gateway, York College এবং Queens College'র সাথে সহযোগিতায় College Now প্রোগ্রামের সূত্রপাত ঘটিয়েছে। College Now প্রোগ্রামে ছাত্রদের অংশগ্রহণ করতে যে সাধারণ প্রয়োজনীয়তা পূরণ করতে হয়:

80% বা তার বেশি সাধারণ শিক্ষাগত গড় থাকা
পাঠক্রমের বিষয়ে গড়ে 80% বা তার বেশি থাকা

ইংরাজি রিজেন্টে 85+ বা S.A.T. মৌখিকে 500
গণিত রিজেন্টে 85+ বা S.A.T. – গণিতে 500
অ্যাডভান্সড প্লেসমেন্ট পরীক্ষায় 4 বা 5

Queens College এবং York College এর কলেজ ক্যাম্পাসে হেমন্ত এবং বসন্ত মরশুমের পঠনকালে পাঠক্রম পড়ানো হয়।

কলেজের প্রয়োজনীয়তা অনুসারে পাঠক্রম প্রস্তুত করা হয়েছে এবং York College এবং Queens College'র অধ্যয়ন বিভাগের সার্টিফায়েড অ্যাডজান্ট ইনস্ট্রাকটরেরা ছাত্রদের পাঠক্রম পড়াবেন। কলেজ ক্রেডিট পেতে "C" গ্রেড বা তার থেকে ভালো গ্রেড পাওয়া প্রয়োজন। প্রত্যেক ছাত্র তাদের গ্রেড এবং সামগ্রিক ফলাফল কলেজ থেকে পাবেন, এবং তার পাশাপাশি পাঠক্রমগুলি ছাত্রদের উচ্চ বিদ্যালয়ের সর্বকালের রেকর্ডে রাখা হবে।

নিউ ইয়র্ক সিটি
শিক্ষা দপ্তর

মিচেল আর. ব্লুমবার্গ
মেয়র

ডেনিস এম. ওয়ালকট
আচার্য

জুয়ান মেনডেজ
Queens উচ্চ বিদ্যালয়ের সুপ্রিনটেনডেন্ট

সেমোর ফ্লিজেল
সভাপতি, শিক্ষাগত উদ্ভাবন কেন্দ্র-
সরকারি শিক্ষা সংগঠন, PSO

মা ফং
CEI-PEA নেটওয়ার্ক টিম লিডার, MS/HS, CFN 531